জমির সঙ্গে আদিবাসীদের সম্পর্ক আত্মিক। জমির অর্থনৈতিক উপযোগিতা ও গুরুত্ব ছাড়াও আদিবাসী জীবনে জমি বিশেষ তাৎপর্য আছে। কারণ আদিবাসীরা মনে করেন যে জমির মাধ্যমেই পূর্ব পুরুষদের সঙ্গে তাদের যোগসূত্র বজায় থাকে। ওই জমিতে তাদের পূর্বপুরুষদের দেহ আছে এবং মৃত্যুর পর তারা পূর্ব পুরুষের সঙ্গে মিলিত হবেন। এই জমির অধিকার হারানো আদিবাসীদের কাছে শুধু অর্থনৈতিক আঘাত নয় মানসিক আঘাতও যা বিকল্প জমির ব্যবস্থা করে দূর করা সম্ভব নয়। জঙ্গলের ক্ষেত্রে প্রায় একই কথা প্রযোজ্য। আদিবাসী অর্থনৈতিক জীবনের সঙ্গে জঙ্গলের ঘনিষ্ঠ যোগাযোগ ছাড়াও আদিবাসী জীবন ও সংস্কৃতির সঙ্গে জঙ্গল ওতপ্রোতভাবে জড়িত। জঙ্গল থেকে ফলমূল, কাঠ, জ্বালানি, সার, পশুখাদ্য ও বিভিন্ন চাষের উপকরণ সংগ্রহ করা ছাড়াও আদিবাসী জীবনে জঙ্গলের মাহাত্ম এই যে জঙ্গলে তাদের দেবতাদের বাস। জঙ্গলই তাদের উপাসনার পীঠস্থান। উন্নয়নের নামে, শিল্পায়ন ও নগরায়নের নামে সেই জঙ্গল কেটে সাফ করে দিলে তা শুধু আদিবাসী অর্থনীতির উপর আঘাত নয়, আঘাত তাদের ধর্মীয় বিশ্বাসের উপর। শাল-মহয়ার জঙ্গল ধ্বংস করে ইউক্যালিপটাস গাছের বনসৃজন করে ওই আঘাতে প্রলেপ দেওয়া যায় না। জমি ও জঙ্গলের সঙ্গে আদিবাসী জীবনের অঙ্গাঙ্গীক সম্পর্ক সত্ত্বেও বাস্তবে আদিবাসীদের তাদের নিজের জমি থেকে উৎখাত করার প্রক্রিয়া চলে আসছে বহুদিন থেকে। বহিরাগতদের কাছে জমি হারানোর কাহিনী শোনা যায় বহুদিন আগে থেকেই। মহাজন ও জমিদারদের কাছে প্রতারিত হওয়ার ঘটনা ভিন্নমাত্রা পায় যখন সপ্তদশ শতাব্দীতে ছোটনাগপুরের মহারাজার ইচ্ছা অনুসারে ওই অঞ্চলে জায়গিরদারি প্রথা চালু হয়। মহারাজার উৎসাহে বহুসংখ্যক রাজপুত্র ব্রাহ্মণ এবং মুসলমান সম্প্রদায়ের মানুষ ওই অঞ্চলে আসতে শুরু করে চাষের জন্য নয়, কর সংগ্রাহক হিসেবে। ১৭৯৩ সালে কর্নওয়ালিস প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের ফলে জমির ক্ষেত্রে ব্যক্তিগত মালিকানা প্রতিষ্ঠিত হলেও এলাকার আদিবাসীদের জন্য কোন বিশেষ অধিকার বা রক্ষাকবচের ব্যবস্থা রাখা হয়নি। জমিদারদের দেয় রাজস্বের পরিমাণ ছিল সুনির্দিষ্ট। কিন্তু প্রকৃত কৃষকের কাছ থেকে কর সংগ্রহের পরিমাণের ক্ষেত্রে কোনো নিয়ন্ত্রণ ছিল না। এই ব্যবস্থার ফলে আদিবাসীরা ক্রমশ জমির মালিকানা থেকে ভাগচাষী বা কৃষিমজুরে পরিণত

হয়। জমি বন্ধক রেখে অথবা জমি বিক্রি করতে বাধ্য হয়ে তারা জমির ওপর তাদের অধিকার হারায়। জমির বৈধ পাট্টার গুরুত্ব আদিবাসীদের কাছে অজানা থাকায় তাদের প্রতারণা করা সহজ ছিল।

ক্রমবর্ধমান শিল্পায়নের ফলে আদিবাসীদের জমি হারানোর ঘটনা আরো বৃদ্ধি পায়। তাদের মধ্যে অনেকেই নিজেদের জমিতে অত্যন্ত স্বল্প মজুরিতে কুলি শ্রমিক হিসেবে কাজ করতে বাধ্য হয়। কেউ কেউ ভিখারিতে পরিণত হল। ন্যাশনাল কোল ডেভেলপমেন্ট কর্পোরেশন, হিন্দুস্তান কপার মাইন্স প্রভৃতি বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান একের পর এক গড়ে উঠলো। একটি পরিসংখ্যান থেকে জানা যায় যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় ঝাড়খণ্ড অঞ্চলে ৫০ হাজারেরও বেশি আদিবাসী পরিবার এবং দশ হাজার তপশিলি জাতি ভুক্ত পরিবার বাস্তুহারা হয়। বিভিন্ন সরকারি শিল্প প্রতিষ্ঠান স্থাপনের কারণে। বৃহৎ শিল্পের পাশাপাশি আনুষঙ্গিক ছোট শিল্প স্থাপনের প্রয়োজনীয়তা দেখা যায়। শিল্প কেন্দ্রগুলির বিদ্যুতের চাহিদা মেটানোর জন্য দামোদর, সুবর্ণরেখা, কংসাবতী নদীকে কেন্দ্র করে সেচ ও বিদ্যুৎ প্রকল্প গড়ে ওঠে। বাঁধ নির্মাণ এবং জলবিদ্যুৎ প্রকল্পের জন্যও হাজার হাজার একর কৃষিজমি থেকে আদিবাসীরা উৎখাত হয়। যদিও তাদের জন্য উপযুক্ত পুনর্বাসনের ব্যবস্থা করা হয়নি। ধাতব সম্পদে সমৃদ্ধ ঝাড়খণ্ড অঞ্চলের জমিগুলিও আদিবাসীদের জমি হারানোর অপর একটি কারণ। সিংভূম জেলার কোলহান অঞ্চলে অবস্থিত প্রায় আড়াইশোটি খনির জন্য হাজার হাজার আদিবাসী তাদের পূর্বপুরুষের স্মৃতিবিজড়িত জমি থেকে বিচ্ছিন্ন হতে বাধ্য হয়েছে। অপরিকল্পিত খননকার্য, আশে পাশের জমির উর্বরতা এবং উৎপাদন ক্ষমতাও কমিয়ে দেয়। সেই দিক থেকেও আদিবাসীকৃষক ক্ষতিগ্রস্ত হয়। জমি হারানোর পাশাপাশি আদিবাসীরা জঙ্গলে তাদের বহুদিনের অধিকার হারাচ্ছে। স্বাধীনতার পূর্বে এবং পরে সরকারি আইনের মাধ্যমে আদিবাসীদের হাত থেকে বহু জঙ্গল এলাকা নিয়ে নেওয়া হয়েছে। বৈজ্ঞানিকভাবে জঙ্গলকে ব্যবহার করার উদ্দেশ্যে এবং শিল্পায়ন ও খননকার্যের জন্য প্রয়োজনীয় অধিক জঙ্গল এলাকা কেটে পরিষ্কার করে দেওয়া হয়েছে। পাশাপাশি রয়েছে বনবিভাগের অসৎ কর্মচারী ও স্বার্থান্বেষী ব্যবসায়ীদের যোগসাজসে জঙ্গল ধ্বংসের অপচেষ্টা। যেটুকু জঙ্গল অবশিষ্ট আছে তার ব্যবহারও আইনের দ্বারা নিয়ন্ত্রিত। আইনের এই অনুশাসন জঙ্গলে লালিত-পালিত আদিবাসীদের দীর্ঘদিনের স্বাভাবিক অধিকার হস্তক্ষেপ করেছে এবং তাদের মধ্যে অসন্তোষ সৃষ্টি করেছে। আদিবাসীরা অভিযোগ করে বলেন যে সরকারি নিয়ন্ত্রণের ফলে আদিবাসীরা জঙ্গল থেকে সংগৃহীত বিভিন্ন পণ্যের ব্যবহার থেকে বঞ্চিত হলেও অসৎ বন আধিকারিকদের সঙ্গে যোগসাজশের মাধ্যমে ব্যবসায়ী ও ঠিকাদাররা সরকারি নিয়ম-নীতিকে অগ্রাহ্য করে জঙ্গল ধ্বংস করে প্রচুর আর্থিক লাভ করে। বি. কে. রায়বর্মনের নেতৃত্বে ১৯৮২ সালের সেপ্টেম্বরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক কর্তৃক নিযুক্ত কমিটি স্বীকার করেছে যে স্বাধীনতার পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারের বন নীতির মূল লক্ষ্য হয়ে দাঁড়িয়েছিল রাজস্ব সংগ্রহ এবং মুনাফা অর্জন, যেখানে আদিবাসীদের চাহিদা বা প্রয়োজন সাধারণভাবে উপেক্ষিত। অথচ সম্পদ ব্যবহারের ক্ষেত্রে আদিবাসীদের বিচক্ষণতা লক্ষ্যণীয়। বন জঙ্গলের ক্ষতি না করে তারা বন সম্পদকে ব্যবহার করে, কারণ তারা জানে তাদের জীবনধারণের জন্য, তাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য জঙ্গলের গুরুত্ব কতখানি। প্রাত্যহিক জ্বালানি হিসেবে তারা শুধুমাত্র শুকনো পাতা এবং গাছের ডালে ব্যবহার করে। বিবাহ ও বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে গোষ্ঠীর প্রধান সাধারণত বিশেষ কিছু গাছকে চিহ্নিত করে দেন ব্যবহারের জন্য। ইচ্ছে মতো যে কোনো গাছ কাটা হয় না। জঙ্গলের সঙ্গে যাদের জীবন ওতপ্রোতভাবে জড়িত, জঙ্গল টিকে থাকার ওপর যাদের নিজেদের অস্তিত্ব এবং বেঁচে থাকা নির্ভর করে, জঙ্গল রক্ষা করার নামে যদি তাদের জঙ্গল থেকে বিচ্ছিন্ন করা হয় তাহলে আদিবাসী জীবন যেমন ক্ষতিগ্রস্ত হয়, তেমনি জঙ্গল ক্রমে ক্রমে নষ্ট হয়ে যায়। জমি ও জঙ্গল থেকে বিচ্ছিন্নতার সমস্যার পাশাপাশি শহুরে সংস্কৃতির প্রভাবে আদিবাসীরা তাদের সাংস্কৃতিক বৈশিষ্ট্য হারাবার সম্ভাবনার সম্মুখীন। যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে আদিবাসী সমাজের সঙ্গে বহির্জগতের যোগাযোগ যত বৃদ্ধি পেয়েছে ততই আদিবাসী সমাজ তার নিজস্বতা হারাচ্ছে। আশেপাশের তথাকথিত সভ্য সমাজের সঙ্গে বিভিন্ন ভাষা ও ধর্মের প্রভাবে আদিবাসী

আচার-ব্যবহার, রীতিনীতিতে পরিবর্তন দেখা যাচ্ছে। সংস্কৃতি একটা গতিশীল ব্যাপার, পরিবর্তন সেখানে অত্যন্ত স্বাভাবিক ঘটনা। কিন্তু সেই পরিবর্তন যখন জনসংস্কৃতির উপর এমন ভাবে আঘাত করে যে সেই সংস্কৃতির পরিচিতি, তার নিজস্বতা, তার স্বকীয় বৈশিষ্ট্য সংকটের মুখে পড়ে তাহলে তা অসন্তোষ এবং আন্দোলনের জন্ম দিতে পারে।

আদিবাসী সমাজের মূল সমস্যা কিন্তু অনুন্নয়নের সমস্যা। খনিজ সম্পদে সমৃদ্ধ হয়েও আদিবাসী অধ্যুষিত অঞ্চলগুলি অনুন্নত এবং অবহেলিত। যেমন ঝাড়খণ্ড অঞ্চলে সারা দেশের মাত্র ২.৫ শতাংশ জমি নিয়ে গঠিত হলেও দেশের প্রায় ২৫ শতাংশ খনিজ সম্পদের যোগান দেয়। কয়লা, লোহা এবং অন্যান্য প্রয়োজনীয় ধাতু সহজলভ্য হওয়ার জন্য এই অঞ্চলে খুব দ্রুত শিল্পের বিস্তার ঘটে। সারা ভারতের ৯২ শতাংশ তামা, ৫২ শতাংশ অত্র, ৪৯ শতাংশ কয়লা এবং ৩৮ শতাংশ বক্সাইট ছাড়াও প্রচুর পরিমাণে ইউরেনিয়াম, নিকেল, সিসা, দস্তা ইত্যাদি পাওয়া যায় এই অঞ্চলে। শিল্প সহায়ক পরিবেশ এই অঞ্চলের শিল্পায়নের হারকে দ্রুত করলেও সাধারণ মানুষ বিশেষত আদিবাসীদের জীবন যাত্রার মান কিন্তু উন্নত হয়নি। সারা ভারতের প্রাকৃতিক সম্পদের চাহিদা মেটাবার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নিলেও ঝাড়খণ্ড অঞ্চলের উন্নয়নের গতি অত্যন্ত শ্লথ। দেশের মধ্যে ঝাড়খণ্ড অঞ্চলের অবস্থান একদম পিছনের সারিতে। আদিবাসীদের মধ্যে শিক্ষার বিস্তার তো দূরের কথা সাক্ষরতার হার অত্যন্ত কম। এমনিতেই সাক্ষরতার প্রসারে বিহার এবং ঝাড়খণ্ড পিছিয়ে পড়া রাজ্য। তার মধ্যে আবার আদিবাসীদের অবস্থান তুলনামূলকভাবে খারাপ। স্বাভাবিকভাবে সংবিধানে বর্ণিত আদিবাসীদের জন্য নির্দিষ্ট বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণের ক্ষেত্রে তারা অক্ষম। আদিবাসীদের দারিদ্র্য এবং তার থেকে উদ্ভূত ঋণগ্রস্ততা তাদের উন্নয়নের পথে প্রধান অন্তরায়। তাদের অশিক্ষার সুযোগ নিয়ে জমিদার এবং মহাজন শ্রেণী প্রথমে তাদের জমি দখল করে এবং ক্রমশ তাদের ভিখারিতে পরিণত করে। এক প্রজন্মের ঋণ পরে প্রজন্মের ঘাড়ে চাপে এবং দালালদের অত্যাচারেও রয়েছে। বন থেকে সংগৃহীত কেন্দু পাতা ও মছয়া ফল বাজারজাত করার জন্য আদিবাসীরা অধিকাংশ ক্ষেত্রেই দালালদের ওপর নির্ভর করে থাকে। এর ফলে তারা ন্যায়মূল্য থেকে বঞ্চিত হয়।

৪.৪ আদিবাসীদের বিভিন্ন চাহিদা

আদিবাসী সম্প্রদায়ের মধ্যে বিভিন্ন ধরনের সমস্যা যেমন আছে, তেমনই চাহিদার প্রকৃতিও নানা ধরনের। এদের মধ্যে উল্লেখযোগ্য দাবিদাওয়াগুলো হল—

- ১) অনেক সময় বিভিন্ন ধরনের স্বাধীকার লাভ করার চাহিদা দেখা যায়। মাঝে মাঝে সংশ্লিষ্ট এলাকাকে আদিবাসী অঞ্চল বলে ঘোষণা করার দাবি উঠেছে। এই দাবি পূরণের ফলে বহিরাগত ব্যক্তিরাত্তিও সংশ্লিষ্ট এলাকায় প্রবেশাধিকার বা বসবাস করার অধিকার পারে না। অনেক সময় আবার সংবিধানের ষষ্ঠ তালিকাভুক্ত ব্যবস্থা অনুযায়ী স্ব-শাসিত জেলা পরিষদ গঠনের দাবি জানানো হয়েছে। অধিকতর স্বাধীকার লাভ করার দাবি এসেছে ভারতীয় ইউনিয়নের মধ্যে পৃথক বা আলাদা রাজ্য গঠনের চাহিদার মাধ্যমে। এই শ্রেণীর চাহিদা পূরণের ফলেই উত্তর-পূর্ব সীমান্তে মিজোরাম, মেঘালয়, নাগাল্যান্ড ইত্যাদি রাজ্যে জন্ম নিয়েছে। স্বাধীকার লাভের চাহিদার চরম নির্দেশন হচ্ছে ভারতীয় ইউনিয়ন থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার দাবি করার যা নাগা ও মিজো সম্প্রদায়ের মধ্যে দেখা যায়।
- ২) আদিবাসীরা তাদের সাংস্কৃতিক স্বাতন্ত্র্য রক্ষার উদ্দেশ্যে সরকারের কাছে উপজাতীয় ভাষা সংরক্ষণের দাবি জানিয়েছে। অসমে অসমীয়া ভাষাকে সরকারি ভাষা হিসেবে গ্রহণ করার বিরুদ্ধে বোড়ো সম্প্রদায় তীব্র প্রতিবাদ

জানিয়েছে। পরবর্তীকালে আদিবাসীদের চাহিদা পূরণের জন্য ভারতীয় সংবিধানের অষ্টম তালিকায় মনিপুরী, কঙ্কনই ও নেপালি ভাষা অন্তর্ভুক্ত করা হয়।

- ৩) অনেক ক্ষেত্রে অর্থনৈতিক চাহিদাও প্রকাশ পেয়েছে। যেহেতু অধিকাংশ আদিবাসী কৃষিজীবী এবং বর্ণহিন্দু কৃষিজীবীদের থেকে তাদের কৃষি কাঠামো পৃথক প্রকৃতির তাই বর্ণহিন্দুদের ও আদিবাসী সম্প্রদায়ের অর্থনৈতিক স্বার্থের সংঘাত অনেক সময় প্রকট হয়ে উঠেছে। এছাড়াও অসীমান্তবর্তী আদিবাসী অধ্যুষিত অঞ্চলগুলি অর্থাৎ বিহার, মধ্যপ্রদেশ, উড়িশা প্রভৃতি রাজ্যগুলির আদিবাসীরা মহাজন ও ভূস্বামীদের কাছে তাদের ভূ-সম্পত্তি হারাতে শুরু করে। আদিবাসীরা ভাগচাষী ও ক্ষেতমজুর পর্যায়ে নেমে আসতে বাধ্য হয়। অর্থনৈতিক অবস্থার অবনতির শোচনীয় জন্য সরকারের কাছে চাহিদাপেশ করার পদ্ধতি হিসেবে আন্দোলনের পথ বেছে নিয়েছে।
- ৪) ভারতীয় সংবিধানে তপশিলি উপজাতি সম্প্রদায়ের জন্য বিশেষ সংরক্ষণ ব্যবস্থা গ্রহণ করেছে। সুতরাং আদিবাসী সম্প্রদায়ের অনেকেই সংবিধান প্রদত্ত সুযোগ-সুবিধা ভোগ করার জন্য তপশিলি উপজাতি তালিকাভুক্ত হওয়ার দাবি জানায়। সাংবিধানিক ব্যবস্থা থেকে একটি বিষয় স্পষ্ট হয়ে উঠেছে তপশিলি উপজাতি বলে ঘোষণা করার ক্ষেত্রে সরকারের ক্ষমতা অবাধ। তার ফলে রাজনৈতিক কর্তৃপক্ষের উপর চাপ সৃষ্টি করে অনেক অ-আদিবাসী সম্প্রদায়ভুক্ত ব্যক্তির আদিবাসী হিসেবে সরকারি স্বীকৃতি লাভের চেষ্টা করেছে।

৪.৫ আদিবাসী সমস্যা সমাধানে সরকারি নীতি

১৯৫০ থেকে ষাটের দশকের মাঝামাঝি পর্যন্ত নেহেরুর আমলে সরকার অনেকখানি সহানুভূতি সূচক মনোভাব দেখানোর চেষ্টা করেছে। একদিকে উন্নয়ন ও অন্যদিকে সনাতন আদিবাসী সংস্কৃতি সংরক্ষণ এই দুই লক্ষ্যের মধ্যে সমন্বয় সাধন করতে। কিন্তু বাস্তবে এই কাজ ছিল অনেকখানি অসাধ্য সাধন করার শামিল। অনেক সময় দেখা গেছে উন্নয়ন আদিবাসীদের স্বাতন্ত্র্য রক্ষার পরিপন্থী হয়ে উঠেছে। ফলে ষাটের দশকের মাঝামাঝি এই প্রচেষ্টা পরিহার বা বর্জন করা সরকারের পক্ষে অনিবার্য হয়ে উঠেছিল।

পরবর্তীকালে সরকার যে নীতি গ্রহণ করল তার মধ্য দিয়ে এই মনোভাব প্রকাশ পেল যে, আদিবাসী উন্নয়ন সমস্যাগুলি সমগ্র এলাকার সামাজিক উন্নয়নের সমস্যাগুলি থেকে কোনোভাবেই পৃথক বা আলাদা নয়। সরকারের পরিবর্তিত নীতি প্রয়োগের ক্ষেত্রে দেখা গেল যে, আদিবাসীদের ভাষাগত ও সংস্কৃতিমূলক স্বাতন্ত্র্য সংরক্ষণের চেষ্টা না করে আদিবাসী অঞ্চলের সামগ্রিক উন্নয়নের চেষ্টা করা হল। এর ফলে উন্নয়নমূলক কর্মসূচির সুযোগ সুবিধা শুধু আদিবাসীরা নয় কিন্তু ওই অঞ্চলে বসবাসকারী অন্যান্য ব্যক্তিরও ভোগ করতে থাকল। এছাড়া এই উন্নয়ন প্রচেষ্টার প্রকৃতিও হয়ে উঠল নতুন। পূর্বে বা আগে ছিল সংস্কৃতির প্রতি সহানুভূতিশীল উন্নয়ন পদ্ধতির প্রয়োগ, কিন্তু পরবর্তী সময়ে বা কালে দেখা গেল যে বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার উন্নয়নের উপর অধিক গুরুত্ব দেওয়া হল। ফলে সরকারের কাছে আদিবাসীদের সংস্কৃতি রক্ষার দিকটি বা প্রশ্ন অপেক্ষাকৃত গুরুত্বহীন বলে বিবেচিত হয়েছে।

৪.৬ আদিবাসী আন্দোলন

কোনো আন্দোলনের সাফল্য অনেকাংশ নির্ভর করে নেতৃত্বের উৎকৃষ্টতার উপর। তাই আন্দোলনগুলি অর্থাৎ আদিবাসী আন্দোলনের নেতৃত্বে এসেছে বিভিন্ন উৎস থেকে। অনেক সময় দেখা গেছে ধর্মীয় নেতার নেতৃত্ব দিয়েছে। আদিবাসী

সম্প্রদায়ভুক্ত অনেক ব্যক্তির মনে একটি দৃঢ় বিশ্বাস ছিল যে, এক মহান নেতার আবির্ভাব হবে যিনি তাদের সব রকম অমঙ্গল থেকে রক্ষা করবেন। পবিত্র বাইবেলে যেমন মুক্তিদাতার আগমনের জন্য অপেক্ষা করার কথা বলা হয়েছে, ঠিক সেই রকমই মুক্তিদাতার প্রতীক্ষায় অনেক আদিবাসী জনগণ দিন কাটাতো। মুন্ডা, কোল, সাঁওতালি ইত্যাদি আন্দোলনের নেতৃত্ব এসেছে ধর্মীয় নেতাদের কাছে থেকে। আবার অনেকে মনে করেন যে, প্রথম পর্যায়ে আন্দোলনের নেতৃত্ব এসেছে প্রধানত সমাজের সনাতনী নেতাদের কাছ থেকে। শেষের দিকে আবার নেতৃত্ব দিয়েছেন সমাজের নিম্ন শ্রেণীর ব্যক্তিবৃন্দ যেমন বিরসা মুন্ডা ছিলেন একজন বর্গাচাষী, আর সিধু কানু ছিলেন ভূমিহীন শ্রেণীর প্রতিনিধি। তবে আধুনিককালের শিক্ষিত ব্যক্তির একপ্রকার সৃজনমূলক আন্দোলনের সূচনা করে। বর্তমানে কিছু রাজনৈতিক সংগঠন যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। যেমন ত্রিপুরা যুবক সমিতি হল একটি উদাহরণ।

সাধারণত শান্তিপ্ৰিয় আদিবাসীরা সেই ইংরেজ শাসনের সময় থেকেই বারবার প্রতিবাদ করেছে। আন্দোলনের পথে গেছে মূলত জমিও জঙ্গলের উপর তাদের অধিকার রক্ষার জন্য। আদিবাসীদের অসংখ্য আন্দোলনের মধ্যে ১৮৩১-৩২ এর কোল বিদ্রোহ, ১৮৫৫ সালের সাঁওতাল বিদ্রোহ, ১৮৯৫-১৯০০এর বিরসা মুন্ডার আন্দোলন প্রভৃতি বিশেষ উল্লেখের দাবি রাখে। আদিবাসীদের অধিকার সংরক্ষণের জন্য একটিপৃথক রাজ্য গঠনের দাবি প্রথম তোলা হয় ১৯৩৯ সালে জয়পাল সিং এর নেতৃত্বে আদিবাসী মহাসভার সম্মেলনে। এরপর প্রায় ৬০ বছর ধরে ঝাড়খন্ড পার্টি, ঝাড়খন্ড মুক্তি মোর্চা এবং ঝাড়খন্ড পিপলস পার্টির নেতৃত্বে বিভিন্ন পর্যায়ের সংগ্রামের মধ্য দিয়ে ২০০০ সালে ঝাড়খন্ড রাজ্য গঠিত হয়েছে। কিন্তু আদিবাসী-মানুষের অবস্থার কোনো উন্নতি হয়নি বা সরকার বিশেষ কোনো ইতিবাচক ভূমিকা নিতে পারেনি। এছাড়াও গোর্খা আন্দোলন, নাগা বিদ্রোহ, গিরিজা আন্দোলনও বিশেষ উল্লেখযোগ্য।

৪.৭ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

- (ক) আদিবাসীদের সমস্যা ও তাদের বিভিন্ন চাহিদা নিয়ে আলোচনা করুন।
- (খ) আদিবাসী সমস্যা সমাধানে সরকারী নীতিগুলি আলোচনা করুন।

৪.৮ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

- i. Behera, Maguni Charan. (Ed.). (2020). *Tribal Studies in India: Perspectives of History, Archaeology and Culture*. Springer.
- ii. Bhuriya, Mahipal. (1986). Tribal Religion in India: A Case Study of the Bhils. *Social Compass*, 33 (2/3), 275-283.
- iii. Rath, Govind Chandra. (Ed.). (2006). *Tribal Development in India: The Contemporary Debate*. Sage.

জাতিগোষ্ঠীগত পরিচিতি এবং জাতিগোষ্ঠীভিত্তিক জাতীয়তাবাদ (Ethnicity and Ethnonationalism)

বিষয়সূচী :

৫.১ পাঠ-উদ্দেশ্য

৫.২ ভূমিকা

৫.৩ জাতিতত্ত্ব (Ethnicity)

৫.৪ জাতিতত্ত্ব এবং নৃতাত্ত্বিক জাতীয়তাবাদ (Ethnicity and Ethnonationalism)

৫.৫ মূল্যায়ন

৫.৬ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

৫.৭ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

৫.১ পাঠ-উদ্দেশ্য

এই এককে নিম্নলিখিত বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয়েছে—

ক) জাতিতত্ত্ব ও জাতিগোষ্ঠীগত তত্ত্বের ইতিহাস

খ) জাতিতত্ত্ব ও নৃতাত্ত্বিক জাতীয়তাবাদ।

৫.২ ভূমিকা

সামাজিক বিজ্ঞানের জগতে 'Ethnicity' শব্দটি তুলনামূলকভাবে নতুন। বাংলায় এর সঠিক প্রতিশব্দ খুঁজে পাওয়া কঠিন। অর্থ অনুযায়ী ভেঙে বলা যেতে পারে জাতিগোষ্ঠীগত পরিচিতি বা বৈশিষ্ট্য যা একটি জনগোষ্ঠীকে পৃথক অস্তিত্ব দান করে, অন্যান্য জাতিগোষ্ঠী (Ethnic group) থেকে পৃথক করে। এই জাতিগোষ্ঠীগত পরিচিতিই একদিন কোনও জাতিগোষ্ঠীকে জাতি (Nation) গঠনের পথে নিয়ে যেতে পারে যাকে আমরা জাতিগোষ্ঠীভিত্তিক জাতীয়তাবাদ (Ethnonationalism) বলতে পারি। অর্থাৎ জাতিগোষ্ঠীর পরিচিতির মধ্যে, স্বাভাবিক বোধের মধ্যে ভবিষ্যতে পৃথক জাতি গঠনের বীজ নিহিত থাকে। ১৯৫৩ সালে ডেভিড রীজম্যান (David Riasman) সম্ভবত প্রথম 'Ethnicity' শব্দটি তাঁর লেখায় ব্যবহার করেন। গ্রীক শব্দ 'Ethnos' (যার অর্থ জাতি বা 'Nation') থেকে উদ্ভূত 'Ethnic' শব্দটি অবশ্য নৃতত্ত্বের (Anthropology) জগতে বহুদিন থেকেই ব্যবহৃত হয়ে আসছে। জাতিগোষ্ঠী বলতে আমরা সেই জনগোষ্ঠীর বুঝি যে গোষ্ঠীর অন্তর্ভুক্ত মানুষ তাদের ধর্ম,

ভাষা, বর্ণ, সংস্কৃতি, আঞ্চলিক বৈশিষ্ট্য, খাদ্যাভাস, বেশভূষা, চেহারার বৈশিষ্ট্য, ইতিহাস, ঐতিহ্য প্রভৃতি বিভিন্ন বস্তুগত (Objective) বৈশিষ্ট্যের ভিত্তিতে অন্যান্য জনগোষ্ঠীর থেকে পৃথক এবং নিজেরা সেই পার্থক্য সম্বন্ধে সচেতন (subjective awareness)। অর্থাৎ বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে নানা ধরনের পার্থক্য থাকলেই তা জাতিগোষ্ঠীর জন্ম দেয় না, সেই গোষ্ঠীর অন্তর্ভুক্ত মানুষদের মধ্যে তাদের পার্থক্য, স্বাতন্ত্র্য সম্বন্ধে সচেতনতা থাকা আবশ্যিক। বহু পার্থক্য সত্ত্বেও বিভিন্ন জনগোষ্ঠীর মানুষ যেমন মিলেমিশে থাকতে পারে তেমনি আবার কোনও একটি বা একাধিক বৈশিষ্ট্যকে কেন্দ্র করে; কোনও একটি পার্থক্যকে বিশেষ গুরুত্ব দিয়ে কোনও জনগোষ্ঠী তাদের পৃথক অস্তিত্ব জাহির করতে পারে, পৃথক হবার দাবি তুলতে পারে। পৃথিবীর বিভিন্ন দেশে আজ জাতিগোষ্ঠীগত সংঘাত এক অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা হিসেবে চিহ্নিত। ভারতের মতো বৈচিত্র্যময় দেশে এই সমস্যা আরও গভীর। ভারতের বিভিন্ন অংশে জাতিগোষ্ঠীকেন্দ্রিক দাঙ্গা এবং আপেক্ষিক বঞ্চনা ও ক্ষোভ থেকে উদ্ভূত জাতিগোষ্ঠীকেন্দ্রিক বিচ্ছিন্নতার দাবির সঙ্গে ভারতবাসী মাঝেই পরিচিতি। জাতিগোষ্ঠীর স্বাতন্ত্র্যের ভিত্তিতে আত্মনিয়ন্ত্রণের দাবি কোথাও পৃথক অঙ্গরাজ্য আবার কোথাও বা পৃথক সার্বভৌম রাষ্ট্রের দাবি তুলেছে। পৃথক গোখাল্যান্ড, কামতাপুর, বোড়োল্যান্ড, কোক্সন প্রভৃতি রাজ্যের দাবির পাশাপাশি স্বাধীন অসম, স্বাধীন নাগাল্যান্ড, আজাদ কাশ্মীর, সার্বভৌম খালিস্তান বা বঙোলিস্তান গঠনের দাবির সঙ্গে আমরা পরিচিত। সাধারণ দেশের মধ্যভাগে অবস্থিত অঞ্চলগুলিতে পৃথক রাজ্যের দাবি এবং দেশের সীমান্তবর্তী অঞ্চলগুলি থেকে সার্বভৌম রাষ্ট্রের দাবি শুনতে পাওয়া যায়।

৫.৩ জাতিতত্ত্ব (Ethnicity)

সামাজিক মানুষের মধ্যে জাতিগোষ্ঠীগত পার্থক্য স্বাভাবিক এবং বাস্তব হলেও জাতিগোষ্ঠীকেন্দ্রিক আন্দোলন স্বাভাবিক বা স্বতস্কৃত না হতেই পারে। অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় যে জাতিগোষ্ঠীগত পার্থক্য সম্বন্ধে সাধারণভাবে নিরুৎসাহী এবং অচেতন মানুষের মনে পার্থক্যের ধারণা জাগিয়ে তোলে সমাজের বিভিন্ন স্বার্থাশ্রয়ী গোষ্ঠী। সুপ্ত অবস্থায় থাকা পৃথক বৈশিষ্ট্য বা বিভিন্নতাকে কাজে লাগিয়ে রাজনৈতিক বা সামাজিক সুবিধা আদায়ের প্রচেষ্টা আজ সুবিদিত। আঞ্চলিক বৈষম্য, অসম উন্নয়ন, প্রাকৃতিক প্রতিকূলতা এবং সর্বোপরি রাজনৈতিক বঞ্চনা এসব ক্ষেত্রে ঐক্যবিনষ্টকারী, বিচ্ছিন্নতাকামী শক্তিকে সাহায্য করে।

পৃথক জাতিগোষ্ঠী মানেই কিন্তু সংখ্যালঘু জনগোষ্ঠী নয়। বৃহত্তর জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত সংখ্যালঘু কোনও গোষ্ঠীকে কেন্দ্র করে যেমন পৃথক জাতিগোষ্ঠী গড়ে উঠতে পারে, তেমনি অন্যান্য জনগোষ্ঠী থেকে পৃথক এবং সেই পার্থক্য সম্বন্ধে সচেতন কোনও সংখ্যাগুরু জনগোষ্ঠীও পর্যায়ভুক্ত হতে পারে। পাহাড়ী জনগোষ্ঠীর অন্তর্গত গোখারা বা আদিবাসী জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত বীরহোড় সম্প্রদায়ের মানুষ যেমন সংখ্যালঘু জাতিগোষ্ঠীর উদাহরণ, তেমনি বিভিন্ন অঞ্চলে সংখ্যাগুরু হয়েও বাঙালি বা তামিল জনগোষ্ঠীও কিন্তু পৃথক জাতিগোষ্ঠীর অভিধাতু হতে পারে। আমরা অনেক সময় ভুল করে আদিবাসী জনগোষ্ঠী বা পাহাড়ী মানুষদের ঐক্যবদ্ধ জাতিগোষ্ঠী রূপে উল্লেখ করি। ভুলে যাই যে আদিবাসীদের মধ্যে সাঁওতাল, মুন্ডা, গুঁরাও, কোল, ভীল, হো, বীরহোড় প্রভৃতি বিভিন্ন জাতিগোষ্ঠীর পৃথক পৃথক বৈশিষ্ট্য বিদ্যমান এবং তারা কোনও ঐক্যবদ্ধ জনগোষ্ঠী নয়। একইভাবে পাহাড়ী মানুষদের মধ্যে বিভিন্ন সাদৃশ্য সত্ত্বেও (বিশেষ করে সমতলের মানুষের চোখে চেহারার সাদৃশ্য) গোখা, নেপালী, ভুটিয়া, মেচ, রাজবংশী প্রভৃতি জনগোষ্ঠী তাদের নিজেদের মধ্যে পার্থক্য সম্বন্ধে সচেতন এবং তারা ভিন্ন ভিন্ন জাতিগোষ্ঠীর অন্তর্ভুক্ত।

জাতিগোষ্ঠীর ধারণা এবং জাতিগোষ্ঠীগত পরিচয় কোনও অপরিবর্তনীয় বিষয় নয়। জাতিগোষ্ঠীর অভ্যন্তরে বিভিন্ন উপগোষ্ঠীর মধ্যে সংঘাত এবং বিভিন্ন জাতিগোষ্ঠীর মধ্যে সংঘাত অত্যন্ত স্বাভাবিক ঘটনা। কোনও ছোট জাতিগোষ্ঠী যেমন বৃহত্তর জাতিগোষ্ঠীর সঙ্গে মিশে যেতে পারে, তেমনি ঐক্যবদ্ধ জাতিগোষ্ঠী অন্তর্নিহিত বিবাদের কারণে ক্ষুদ্রতর জাতিগোষ্ঠীর

জন্ম দিতে পারে। পৃথিবীর বিভিন্ন দেশেই আজ জাতিগোষ্ঠীগত সংঘাত এক অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা হিসেবে চিহ্নিত। ভারতের মতো বৈচিত্র্যময় দেশে এই সমস্যা আরও গভীর। ভারতের বিভিন্ন অংশে জাতিগোষ্ঠী কেন্দ্রিক দাঙ্গা এবং আপেক্ষিক বঞ্চনা ও ক্ষোভ থেকে উদ্ভূত জাতিগোষ্ঠী কেন্দ্রিক বিচ্ছিন্নতার দাবির সঙ্গে ভারতবাসী মাত্রেই পরিচিত। জাতিগোষ্ঠীর স্বাতন্ত্র্যের ভিত্তিতে স্বাধিকার বা আত্মনিয়ন্ত্রণের দাবি কোথাও পৃথক রাজ্য আবার কোথাও বা পৃথক সার্বভৌম রাষ্ট্রের দাবি তুলেছে। পৃথক তেলেঙ্গানা, বিদর্ভ, গোখাল্যান্ড, কামতাপুর, মিথিলাঞ্চল, বোড়াল্যান্ড, কোঙ্কন প্রভৃতি রাজ্যের দাবির পাশাপাশি স্বাধীন অসম, স্বাধীন নাগাল্যান্ড, আজাদ কাশ্মীর বা সার্বভৌম খালিস্তান বা বাঙালিস্তানের দাবির সঙ্গে আমরা পরিচিত। সাধারণত দেশের মধ্যভাগে অবস্থিত অঞ্চলগুলিতে পৃথক রাজ্যের দাবি এবং দেশের সীমান্তবর্তী অঞ্চলগুলি থেকে সার্বভৌম রাষ্ট্রের দাবি শুনতে পাওয়া যায়। তবে পৃথক রাজ্যের দাবির পিছনেও পৃথক রাষ্ট্রের দাবি প্রচ্ছন্ন থাকতে পারে।

জাতি গোষ্ঠী কেন্দ্রিক বিচ্ছিন্নতাবাদী রাজনীতি ব্যাখ্যা করতে হলে ভারতের রাজনৈতিক ইতিহাসের দিকে ফিরে তাকানো দরকার। পশ্চিমী ধারণা ‘নেশন’ বা জাতি হিসেবে অতীতে ভারত কোনওদিনই রাজনৈতিক, সামাজিক বা ধর্মীয় ঐক্যের উপর প্রতিষ্ঠিত ছিল না। খ্রিষ্টপূর্ব তিনশ বছর আগে মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠার পূর্বে ভারত ছিল ছোট-বড় বিভিন্ন সার্বভৌম রাষ্ট্রের সংমিশ্রণে গঠিত একটি ভূখণ্ড বিশেষ। মৌর্য, গুপ্ত ও পরে মুঘল সাম্রাজ্যের বিস্তারের ফলে আংশিক ঐক্য স্থাপিত হলেও ‘দক্ষিণাত্য’ সমস্যা নিয়ে মুঘল সম্রাটদের বরাবরই বিব্রত থাকতে হত আধুনিক অখণ্ড ভারতের রূপকল্পনার কৃতিত্ব অনেকটাই ইংরেজদের প্রাপ্য। ভারতে রাজনৈতিক ঐক্যের চেহারাটা প্রথম ফুটে ওঠে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অ্যাক্ট ১৯৩৫-এর মাধ্যমে। এই আইনেই সর্বপ্রথম ভারতকে একটি ‘জাতির’ স্বীকৃতি দেওয়া হয়। ভারতীয় জনগণের মানসিক ঐক্য অবশ্য স্থাপিত হয়েছিল আরও আগে। স্বাধীনতা আন্দোলন চলাকালীনই সংগ্রামের মনোমুগ্ধকর সমস্ত সংকীর্ণ ও আঞ্চলিক চিন্তা-ভাবনাকে ছাপিয়ে জাতীয়তাবোধের বিস্তার ঘটেছিল।

স্বাধীনতা প্রাপ্তির সময়ে রাজনৈতিক ও প্রশাসনিক দিক থেকে ভারত মোটামুটি দুটি পৃথক ভাবে বিভক্ত ছিল—এগারোটি ‘প্রভিন্স’ বা অঙ্গরাজ্য সমন্বিত ব্রিটিশ ভারত, আর প্রায় ছয়শ দেশীয় নৃপতি শাসিত রাজ্য (Princely States)। ভারতের সাংবিধানিক সমস্যার সমাধানকল্পে আগত ক্যাবিনেট মিশন (১৯৪৬) দেশীয় নৃপতিদের পরিস্কার আশ্বাস দিয়েছিল যে কোনও অবস্থাতেই তাদের উপর কর্তৃত্ব করার অধিকার স্বাধীন ভারতের সরকারের হাতে তুলে দেওয়া হবে না। কিন্তু কাশ্মীর ছাড়া অন্য কোনও অঞ্চলের কোনও বিশেষ মর্যাদা বা অধিকার কিন্তু শেষ পর্যন্ত স্বীকৃত হয়নি।

স্বাধীন ভারতের সংবিধান প্রণয়নের সময় প্রণেতাগণ ইচ্ছাকৃতভাবেই রাজ্য সরকারগুলির তুলনায় কেন্দ্রীয় সরকারকে অধিক শক্তিশালী করেন। যুক্তি ছিল ভারতের বিভিন্ন আঞ্চলিক বৈচিত্র্যের মধ্যে ঐক্য স্থাপন করা এবং দেশকে অখণ্ড রাখা। সংবিধানের কোথাও যুক্তরাষ্ট্র (Federation) কথাটি স্থান পায়নি। (১) ধারায় ভারতকে ‘রাজ্য সমূহের ইউনিয়ন’ (Union of States) বলে অভিহিত করা হয়েছে। অঙ্গরাজ্য সমূহে বিচ্ছিন্ন হবার অধিকার যেমন অস্বীকার করা হয়েছে, তেমনি সংবিধানের ৩নং এবং ৪নং ধারা অনুসারে অঙ্গরাজ্য সমূহের সীমানা, এলাকা অথবা নাম পরিবর্তনের ক্ষেত্রে কেন্দ্রীয় আইনসভার হাতে সম্পূর্ণ ক্ষমতা দেওয়া হয়েছে। সাধারণ আইন প্রণয়নের পদ্ধতির মাধ্যমেই ভারতীয় সংসদ (Parliament) নতুন রাজ্য গঠন বা কোনও রাজ্যের বিলোপ সাধন করতে পারে। আদর্শ যুক্তরাষ্ট্রের অন্যান্য অনেক বৈশিষ্ট্যই ভারতের ক্ষেত্রে অনুপস্থিত। অঙ্গ রাজ্যগুলি না আছে পৃথক সংবিধান, কেন্দ্রীয় আইনসভার উচ্চতর কক্ষ—রাজ্যসভায় তাদের সমান প্রতিনিধিত্বও স্বীকৃত হয়নি, এমনকি জাতীয় ঐক্য ও অখণ্ডতা রক্ষার স্বার্থে ভারতীয় নাগরিকদের দ্বিগুনিকত্বও স্বীকৃত হয়নি। জরুরি অবস্থার সময় খুব সহজেই ভারতকে এককেন্দ্রিক রাষ্ট্রে পরিণত করা যায়। এমন কেন্দ্র প্রবণতার ঝোঁক লক্ষ্য করেই ভারতকে ‘আধা যুক্তরাষ্ট্র’ (quasi federalism) বলে অভিহিত করা হয়েছে। বলা হয়, ভারতীয় সংবিধান দৃশ্যত যুক্তরাষ্ট্রীয় হলেও প্রকৃতপক্ষে তা এককেন্দ্রিক।

১৯৫০ সালে সংবিধান চালু হবার পর থেকে অঙ্গরাজ্যগুলি বিভিন্ন বিষয়ে তাদের অসন্তোষের কথা বারবার ব্যক্ত করেছে। সরকারি ভাষা সংক্রান্ত নীতির ক্ষেত্রে, ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন ও রাজ্যগুলির সীমানা নির্ধারণের ক্ষেত্রে, রাজ্যগুলির হাতে অধিকতর আর্থিক ক্ষমতা প্রদানের প্রক্ষেপে এবং কেন্দ্রের প্রতিনিধি হিসেবে রাজ্যপালের ভূমিকার বিষয়ে রাজ্যগুলি বরাবরই কেন্দ্রীয় নীতির প্রতিবাদ, জানিয়েছে। স্বাধীনতা আন্দোলনের সময় জাতীয় নেতৃত্ববৃন্দ কিন্তু প্রকৃত প্রাদেশিক স্বায়ত্ত্বশাসনের পক্ষ ছিলেন এবং কেন্দ্রীয় সরকার যাতে অত্যধিক শক্তিশালী না হয়ে ওঠে সে বিষয়ে সর্বদা ছিলেন। আন্দোলনে নেতৃত্বদানকারী ভারতের জাতীয় কংগ্রেসের ধারণা ছিল যে কেন্দ্রের হাতে মাত্রাতিরিক্ত ক্ষমতা বিভেদকামী আন্দোলনের জন দিয়ে দেশের ঐক্য ও সংহতির ক্ষতি করতে পারে। এই উপলব্ধি সত্ত্বেও যখন সংবিধান রচনা করা হল তখন জাতীয় সংহতি ও ঐক্যের প্রয়োজনে শক্তিশালী কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয়তার কথাই ভাবা হল। কিন্তু শুধুমাত্র শক্তি প্রয়োগের দ্বারা বা ভীতি প্রদর্শনের মাধ্যমে বিভেদকামী শক্তিগুলিকে নিয়ন্ত্রণে রাখা সম্ভব নয়, তাদের সমস্যার সমাধানের তো প্রস্তাব ওঠে না। দেশের বিভিন্ন অংশের মানুষের ন্যায্য দাবি দাওয়া পূরণের মাধ্যমে, আপেক্ষিক বঞ্চনা দূর করে অশুভ ও অনিষ্টকারী শক্তিগুলি থেকে সাধারণ মানুষকে বিচ্ছিন্ন করা প্রয়োজন। ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং সার্বিক উন্নয়নই পারে দেশকে ঐক্যবদ্ধ রাখতে, প্রগতির পথে নিয়ে যেতে।

ভারতের মতো বহুজাতিক (Multi-ethnic) দেশে যেখানে বহু ধর্মের, বহু ভাষাভাষী বহু সম্প্রদায়ের মানুষের বাস সেখানে বিচ্ছিন্নতার দাবি অস্বাভাবিক নয়। দেশ স্বাধীন হবার আগে থেকেই বিভিন্ন গোষ্ঠীর, বিভিন্ন সম্প্রদায়ের মানুষের বিচ্ছিন্ন হবার বাসনা প্রকাশ পেয়েছে বিভিন্ন বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের মধ্য দিয়ে। ছোটনাগপুর অঞ্চলে আদিবাসীদের জন্য পৃথক রাজ্যের (separate province) দাবি প্রথম ধ্বনিত হয় আদিবাসী মহাসভার উদ্যোগে ১৯৩৯ সালে। গত শতাব্দীর চল্লিশের দশকে স্বাধীনতা লাভের অব্যবহিত পূর্বে মাদ্রাজের দ্রাবিড়ীয় গোষ্ঠী প্রশাসনে, শিক্ষায় এবং রাজনীতিতে ব্রাহ্মণ তথা আর্য সম্প্রদায়ের আধিপত্যের বিরুদ্ধে প্রতিবাদে মুখর হয়েছিল। পঞ্চাশের দশকে অন্ধ্রপ্রদেশ রাজ্য গঠনের পরবর্তী সময়ে তেলঙ্গানা অঞ্চলের মানুষ তাদের আপেক্ষিক পশ্চাৎপদতার কারণে পৃথক তেলঙ্গানা রাজ্যের দাবি তুলেছিল। ষাটের দশকের শেষের দিকে বন্ধুত্ব শিবসেনার নেতৃত্বে মারাঠী জাতীয়তাবাদের (?) উত্থান আমরা দেখছি। আসামে অসমীয়াদের স্বার্থে বাঙালিদের বিরুদ্ধে এবং পরবর্তীকালে সমস্ত বিদেশী অনুপ্রবেশকারীর বিরুদ্ধে আন্দোলন, ত্রিপুরায় আমরা বাঙালির নেতৃত্বে বাঙালি স্বার্থরক্ষার দাবি এবং ফলশ্রুতি স্বরূপ বাঙালি আদিবাসী হ্রন্দ, নাগা, মিজো, মণিপুরী জাতিগোষ্ঠীর স্বাতন্ত্র্য দাবি এবং পারস্পরিক সংঘাত ভারতীয় জাতিত্বকে প্রশ্নের সম্মুখে দাঁড় করিয়ে দিয়েছে। পশ্চিমবঙ্গের বুকেই উত্তরবঙ্গে গোষ্ঠীদের গোষ্ঠীল্যান্ডের দাবি বা কামতাপুরীদের পৃথক কামতাপুরী রাজ্য দাবি পশ্চিমবঙ্গের অখণ্ডতা নিয়েও অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে।

ধর্ম, ভাষা, জাতপাত বা অঞ্চলভিত্তিক বিভিন্ন জাতিগোষ্ঠীর এই স্বাধিকার দাবি সম্বন্ধে যেটা মনে রাখা দরকার যে ভারতের মতো দেশে এই জাতীয় বিভিন্ন জাতিগোষ্ঠীর জন্য স্বয়ংসম্পূর্ণ, পৃথক (exclusive) রাজ্য বা রাষ্ট্র গঠন কোনওমতোই সম্ভব নয়। ভারতের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ধরনের মানুষ বহুদিন থেকেই মিলে মিশে বাস করে আসছে। কোনও জাদুমন্ত্রেই তাদের সম্পূর্ণ পৃথক করা সম্ভব নয়, সম্ভব নয় কোনও একটি অঞ্চলে শুধুমাত্র একই ধর্মের, একই ভাষার একই জাতের, একই খাদ্যাভ্যাসের বা একই বেশভূষার মানুষের বসবাসকে সুনিশ্চিত করা। ১৯৪৭ সালে ধর্মের ভিত্তিতে পাকিস্তান গঠিত হয়েছিল। কিন্তু পাকিস্তানে বসবাসকারী সব মানুষ মুসলমান নন। ভারত থেকে বহু মুসলমান পাকিস্তানে যাননি (যাবেনই বা কেন?) এবং মজার কথা পাকিস্তান বসবাসকারী মুসলমানের চেয়ে ভারতে বসবাসকারী মুসলমান সম্প্রদায়ের মানুষের সংখ্যা বেশি। ১৯৭১-র বাংলাদেশ গঠিত হল। মূল ভিত্তি ভাষা। কিন্তু বাংলাদেশের সবাই বাংলা ভাষাভাষী নন এবং বাংলাদেশের বাইরে ভারত ছাড়াও পৃথিবীর বিভিন্ন দেশে বাংলাভাষী মানুষ ছড়িয়ে আছেন এবং থাকবেন এটাই বাস্তব সত্য। যারা ছোট ছোট রাজ্য গঠনের মাধ্যমে বিভিন্ন জাতিগোষ্ঠীর স্বাতন্ত্র্যের দাবি নির্বিচারে মেনে নেবার কথা বলেন

তারা ভারতের উত্তর-পূর্বাঞ্চলের দিকে তাকালে ভাল করবেন। আসাম রাজ্যকে ভেঙে ক্রমশ সাতটি পৃথক অঙ্গরাজ্য জন্ম নিয়েছে। কিন্তু নাগাল্যান্ড বা মিজোরাম শুধু নাগা ও মিজোরাই বাস করেন না। নাগা-মিজো দ্বন্দ্ব, নাগা-কুকি সংঘর্ষ, বোডো-সাঁওতাল লড়াই প্রমাণ করে ছোট ছোট রাজ্য গঠন করলেই জাতিগোষ্ঠীগত সংঘাত বন্ধ হবে এ রকম মনে করার কোনও কারণ নেই। বস্তুত এ জাতীয় বিচ্ছিন্নতাবাদী দাবির কোনও শেষ নেই এবং যথেষ্ট চিন্তা ভাবনা না করে এ জাতীয় দাবি মেনে নেবার ফল হতে পারে মারাত্মক। ওই জাতীয় দাবি খুবই সংক্রামক। কোনও একটি দাবিকে মেনে নেবার ফলে আশপাশের বিচ্ছিন্নতাবাদী শক্তি উৎসাহিত হতে পারে। তাতে দেশের অখন্ডতা এবং শান্তি বিঘ্নিত হবার সমূহ সম্ভাবনা।

৫.৪ জাতিতত্ত্ব এবং নৃতাত্ত্বিক জাতীয়তাবাদ (Ethnicity and Ethnonationalism)

Ethnicity বা জাতিতত্ত্ব বলতে মূলত বোঝায় জাতীয় বা সাংস্কৃতিক গোষ্ঠীর দ্বারা সমভাবে অনুভূত চারিত্রিক বৈশিষ্ট্যের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত বিষয়। কোনও একটি গোষ্ঠীর নিকট ‘ধর্ম’, বলতে তার নিজস্ব বিশিষ্টতাকে বোঝায়, আবার কোনও গোষ্ঠীর নিকট তাদের ধর্মচেতনার মধ্যে নিজস্ব ভাষা, আঞ্চলিক নৈকট্য, জাতিগত ঐক্য এবং সংস্কৃতিগত অভিন্নতার বিষয়টিও যুক্ত থাকে। জাতিতত্ত্ব সম্পর্কিত সমস্যাগুলি প্রায়ই দেখা যায় যে এ ধরনের পার্থক্যজড়িত কারণ থেকে উদ্ভূত হয় কোনও একটি রাষ্ট্রে শুধু এক জাতি, এক ভাষা ও এক ধর্মাবলম্বী তথা একই সংস্কৃতিসম্পন্ন মানুষ বাসবাস করবে এইরূপ মনোভাব থেকেই বিভেদের সূচনা ঘটে।

বাস্তবে দেখা যায় প্রায় সকল রাষ্ট্রই বহুজাতিক। কোনও একটি গোষ্ঠীর পক্ষে শুধু তার নিজস্ব জাতিভুক্ত মানুষদের নিয়ে রাষ্ট্র গঠন বাস্তবে সম্ভবপর নয়। এশিয়া এবং আফ্রিকায় বহুজাতি অধ্যুষিত রাষ্ট্র গঠিত হয়েছে। ফলে ‘এক জাতি এক রাষ্ট্র’ এই মতবাদ তৃতীয় বিশ্বের দেশগুলিতে সমস্যার সৃষ্টি করে। কারণ একটি গোষ্ঠী অপর গোষ্ঠীভুক্ত শক্তির সঙ্গে নিজেদের একাত্ম করতে বিভিন্ন সময় ব্যর্থ হয়। অনেক সময় তৃতীয় বিশ্বের আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট তাদের জাতিসত্তার উপর অধিক সচেতন গুরুত্ব আরোপ করে থাকে। এই কারণে জাতিসত্তার সমস্যা প্রকট রূপ নিয়ে থাকে।

জাতিসত্তার (Ethnicity)-র মূল বৈশিষ্ট্য :—

- (ক) অভিন্ন অতীত (Common ancestry)
- (খ) ধর্মীয় ঐক্য (Religion)
- (গ) ভাষা (Language)
- (ঘ) অঞ্চল (Territory)
- (ঙ) সাংস্কৃতিক ও ঐতিহাসিক অভিন্নতা (Sharea culture an history)
- (চ) অভিন্ন প্রতিষ্ঠান (Common Institutions)

অর্থাৎ এই বৈশিষ্ট্যের ভিত্তিতে বলা যায় আধুনিকীকরণের সঙ্গে জড়িত আর্থ-সামাজিক প্রেক্ষাপটে জাতিসত্তার জন্ম হয় অধিকাংশ সময় রাজনৈতিক উদ্দেশ্যসাধনের কারণে নেতৃত্ব এই ক্ষেত্রে imagined community-র ধারণা গড়ে তোলেন। ‘আমরা’—‘ওরা’ এই ধরনের দৃষ্টিভঙ্গি এখানে বিশেষ ভূমিকা নিয়ে থাকে।

Ethnic nationalism প্রসঙ্গে বলা যায় যে, Ethnic nationalism is based on ethnic ties, stresses exclusionary and symbolic relation between core nation, homeland and membership—বর্তমানে দেখা যায় যে আধুনিকীকরণের

সঙ্গে Ethnicity-র রাজনৈতিক তাৎপর্য ক্রমবর্ধমান। বহুজাতিক রাষ্ট্রকাঠামোর মধ্যে এই জাতিসত্তা মূলত কিছু পরিবর্তন দাবি করে। সেগুলি হল সংখ্যালঘু অধিকারের সাংবিধানিক স্বীকৃতি, (Constitutional Recognition of Minority Rights) জাতিসত্তার স্বাধিকার অর্জনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সাংবিধানিক পরিবর্তন, (Constitutional change enhancing autonomy) এবং সংখ্যালঘু স্বার্থের সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে নীতি, কার্যসূচি এবং আইন প্রণয়নের প্রচেষ্টা গ্রহণ (Policies, programmes, legislation reflecting minority interests)।

Ethno-national প্রেক্ষাপটে অনেক সময়ে বহুজাতিক রাষ্ট্রব্যবস্থার ভাঙনও বাস্তবে দেখা গেছে। উদাহরণস্বরূপ যুগোস্লাভিয়া, চেকোস্লোভাকিয়ার নাম এখানে উল্লেখযোগ্য।

Ethno-nationalism সৃষ্টির মূলে অনেক সময় কিছু রাজনৈতিক এবং অর্থনৈতিক উপাদান বিশেষ ভূমিকা নেয়। যেমন আধুনিক রাষ্ট্র ব্যবস্থার মূল কাঠামোয় কেন্দ্রীভবনের প্রাধান্য তথা যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার প্রতি শৈথিল্য, জাতীয় ঐক্য, সংহতি তথা সার্বভৌমিকতার সঙ্গে জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকারের ক্রমবর্ধমান দ্বন্দ্ব, রাজনৈতিক মূল্যবোধের অবনয়ন ইত্যাদি বিষয়গুলি তাৎপর্যপূর্ণ।

অর্থনৈতিক উপাদানের দিকে লক্ষ্য করলে দেখা যায় অর্থনৈতিক উন্নয়নের বৈষম্য, অর্থনৈতিক পশ্চাদপদতা, শিক্ষাগত অনগ্রসরতা, আধুনিকীকরণের ক্ষেত্রে পশ্চাদপদতা এই বিষয়গুলিও সংকট সৃষ্টি করে থাকে। উদাহরণস্বরূপ বলা যায় ভারতবর্ষে নাগা, মিজো, এই উপজাতি গোষ্ঠী নিজেদের একটি পৃথক সত্তা আছে এই বিশ্বাস রাখে—এই যে পৃথকভাবে নিজেদের দেখার দৃষ্টিভঙ্গি এখানেই মূল ভিত্তি হল ‘ethno-nationalism’। অর্থাৎ ‘ethnic identity’-র ভিত্তিতে যে সকল রাজনৈতিক আন্দোলনমূলত ভারতের উত্তর পূর্বাঞ্চলে দেখা যায় তা ethno-nationalism কে বুঝতে সাহায্য করে।

Carmen Abubakar একে সংজ্ঞায়িত করেছেন এইভাবে, “Ethnic groups claiming to be (to possess) nations and states in the past or that have the potential of becoming (nations or states) are now demanding and asserting these claims as (historic) rights to self determination for local autonomy or independence.”

অনেক সময় দেখা গেছে জাতি রাষ্ট্র গঠনের যে ঐক্যবোধ তা বিভিন্ন সাংস্কৃতিক, ভাষাগত, ধর্মীয় বিভেদকে অবদমিত করে—এই অবদমন অনেক ক্ষেত্রে ethnic conflict এর আকারে বিশ্বেরবিভিন্ন রাষ্ট্রে একটি নতুন সংকটের সূচনা করেছে। অর্থাৎ ‘ethnic identity’ এবং ‘national identity’-র মধ্যে একটা টানা পোড়েনও কিন্তু এখাননে পরিলক্ষিত হয়। আন্তর্জাতিক বিশ্ব ব্যবস্থায় দেখা যায় রাজনীতিতে জাতিসত্তাগত মাত্রা যোগ এবং জাতি পরিচয়ে রাজনীতির মাত্রা যোগ এই বিষয়টির গভীর যোগসূত্র অনেকটাই উপেক্ষিত ছিল। কিন্তু সমস্যা ক্রমশ জটিল হয়েছে এবং ফলস্বরূপ বিশ্ব যুগোস্লাভিয়া, চেকোস্লোভাকিয়া সোভিয়েত ইউনিয়নের ভাঙন প্রত্যক্ষ করেছে। বলা যায় ethno nationalism এর প্রবল শক্তি যে কোনও রাজনৈতিক ব্যবস্থাকে প্রভাবিত করতে সক্ষম—উন্নত অনুন্নত, আধুনিক বা পশ্চাদপদ যে কোনও রাষ্ট্রই এই সমস্যার জটিল আবর্তে পড়তে পারে।

মূলত কোনও জাতি রাষ্ট্র যখন তার সকল গোষ্ঠীকে সমান সুযোগ দিতে এবং প্রাকৃতিক সম্পদের সম ব্যবহারের সুবিধা দিতে ব্যর্থ হয় সেই প্রেক্ষাপটেই ethno nationalism এর উন্মেষ ঘটে। অর্থনৈতিক বঞ্চনা, বৈষম্য এখানে অনুঘটকের কাজ করে এবং ethnic identity-র প্রতি আনুগত্য ক্রমাগত বৃদ্ধি পায়। তাছাড়া ক্ষমতার কাঠামোয় বা রাজনৈতিক ব্যবস্থায় অংশগ্রহণের সুযোগ না থাকাটাও এখানে তাদের বিচ্ছিন্ন করে দেয়। তাছাড়া দারিদ্র, অশিক্ষা, মূল জনগোষ্ঠীর তুলনায় পশ্চাদপদতা, গণতান্ত্রিক কাঠামোয় প্রান্তিক পর্যায়ে অবস্থান তাদের জাতিসত্তাগত সচেতনতাকে সুদৃঢ় করে।

সমগ্র দক্ষিণ এশিয়ার পটভূমিকাতেও দেখা যায় জাতিসত্তাগত সমস্যা একটি বিশেষ জটিলতা সৃষ্টি করেছে। কোনও স্বতন্ত্র জাতিগত সীমানা না থাকার দরুন এই সমস্যা জটিলতর হয়েছে। শ্রীলঙ্কা, বাংলাদেশ, ভারত, পাকিস্তান কোনও

দেশই আজ ethno nationalism-এর সমস্যা থেকে মুক্ত নয়।

৫.৩ মূল্যায়ন

ভারতের মতো বহুজাতিক (Multiethnic) দেশে প্রতিটি জাতিগোষ্ঠীর জন্য স্বয়ংসম্পূর্ণ পৃথক (Exclusive) রাজ্য বা রাষ্ট্র গঠন কোনও মতেই সম্ভব নয়, সম্ভব নয় কোনও একটি অঞ্চলে শুধুমাত্র একই ধর্মের, একই ভাষার, একই জাতির, একই খাদ্যাভাসের বা একই বেশভূষার মানুষের বসবাস সুনিশ্চিত করা। ১৯৪৭ সালে ধর্মের ভিত্তিতে পাকিস্তান গঠিত হয়েছিল। কিন্তু পাকিস্তান বসবাসকারী সব মানুষ মুসলমান নয়। ভারত থেকে বহু মুসলমান পাকিস্তানে যান নি এবং তাৎপর্যপূর্ণভাবে দেশ বিভাজনের সময় পাকিস্তান বসবাসকারী মুসলমানের চেয়ে ভারতে বসবাসকারী মুসলমান সম্প্রদায়ের মানুষের সংখ্যা বেশি ছিল। ১৯৭১ সালে স্বাধীন বাংলাদেশ গঠিত হয়। মূল ভিত্তি ছিল ভাষা। কিন্তু বাংলাদেশের বসবাসকারী সবাই বাংলা ভাষাভাষি নন এবং বাংলাদেশের বাইরে, ভারতের পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ছাড়াও বিভিন্ন রাজ্যে এবং পৃথিবীর বিভিন্ন দেশের বাংলাভাষী মানুষ বসবাস করছেন। কেউ চাইলেই তাঁরা তাঁদের বাড়ি ঘর ছেড়ে, চাকরি ব্যবসা ছেড়ে, বাংলাদেশে এসে বসবাস করতে শুরু করবেন না। তেমনি যদি একদিন গোর্খা জাতিগোষ্ঠীর দাবি অনুযায়ী গোর্খাল্যান্ড রাজ্য গঠিত হয় সেই রাজ্যে বসবাসকারী সকলেই গোর্খাজাতিগোষ্ঠীভুক্ত হবেন না। জীবিকার প্রয়োজনে আসা বাঙালি, বিহারি, মারোয়াড়ী, পাঞ্জাবী, তামিল, তেলেগু জনগোষ্ঠী ছাড়াও দার্জিলিঙ পার্বত্য অঞ্চলের ভূমিপূত্র লেপচা, তামাং, লিম্বু, ভুটিয়া, মেচ, রাজবংশী প্রভৃতি জাতিগোষ্ঠীর মানুষ দীর্ঘদিন ধরে যাঁরা ওই অঞ্চলে বসবাস করছেন তাঁরা কী নিজ জন্মস্থান ছেড়ে চলে যেতে রাজি হবেন? গোর্খাল্যান্ড রাজ্য গঠিত হলে ওই সব সংখ্যালঘু জাতিগোষ্ঠীর মানুষ গোর্খাদের দ্বারা শোষিত বা বঞ্চিত হবার অভিযোগ এনে নিজ নিজ জাতিগোষ্ঠীর জন্য পৃথক রাজ্য দাবি করতে পারেন। তাছাড়া দার্জিলিঙ অঞ্চলের বাইরে বসবাসকারী গোর্খারা ভারতের বিভিন্ন রাজ্য এবং পৃথিবীর বিভিন্ন দেশ থেকে তাঁদের বাড়ি ঘর, চাকরি-ব্যবসা ছেড়ে গোর্খাল্যান্ডে এসে বসবাস শুরু করবেন সেটা মনে করার ও কোনও কারণ নেই। তাই শুধুমাত্র গোর্খাদের জন্য পৃথক (Exclusive) রাজ্য বা রাষ্ট্র কোনও কিছুই সম্ভব নয়। এ জাতীয় পরিকল্পনা অবাস্তব।

যাঁরা ছোট ছোট রাজ্য গঠনের মাধ্যমে বিভিন্ন জাতিগোষ্ঠীর স্বাতন্ত্র্যের দাবি নির্বিচারে মেনে নেবার কথা বলেন তাঁরা ভারতের উত্তর পূর্বাঞ্চলের দিকে তাকালে ভালো করবেন। আসাম রাজ্যকে ভেঙে ক্রমশ সাতটি পৃথক অঙ্গরাজ্য সৃষ্টি করা হয়েছে। কিন্তু নাগাল্যান্ড বা মিজোরাম শুধুমাত্র নাগা বা মিজোরা বসবাস করেন না। নাগা-মিজো হিন্দু নাগা-কুকি সংঘর্ষ, বোড়ো-সাঁওতাল লড়াই প্রমাণ করে ছোট ছোট রাজ্য গঠন করলেই জাতিগোষ্ঠীগত সংঘাত বন্ধ হবে এরকম মনে করার কোনও কারণ নেই। প্রকৃতপক্ষে ভারতের মতো বহুজাতিক দেশে জাতিগোষ্ঠীগত ভিত্তিক বিচ্ছিন্নতাবাদী দাবির কোনও শেষ নেই এবং যথেষ্ট চিন্তা ভাবনা না করে এ জাতীয় দাবি মেনে নেবার ফল হতে পারে মারাত্মক। এ জাতীয় দাবি খুবই সংক্রমক। কোনও একটা দাবিকে মেনে নেবার ফলে আশপাশের বিচ্ছিন্নতাবাদী শক্তি উৎসাহিত হতে পারে। তাতে দেশের অখন্ডতা এবং শান্তি বিঘ্নিত হবার সমূহ সম্ভাবনা।

৫.৫ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

- 'Ethnicity' শব্দটির অর্থ কী? জাতিগোষ্ঠী গঠনের উপাদানগুলি কী?
- ভারতীয় রাজনীতিতে বিচ্ছিন্নতাবাদ বৃদ্ধির ক্ষেত্রে জাতিগোষ্ঠীগুলির ভূমিকা উদাহরণ সহকারে আলোচনা কর।
- জাতিগোষ্ঠীভিত্তিক জাতীয়তা বলতে কী বোঝ? ভারতীয় রাজনীতিতে জাতিগোষ্ঠীভিত্তিক জাতীয়তাবাদের উত্থান ও তার সমস্যা নিয়ে উদাহরণ সহকারে আলোচনা কর।

৫.৬ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

- i. Brass, Paul R. (Ed.). (1985). *Ethnic Groups and the State*. Totowa, N.J.: Barnes and Noble Books.
- ii. Brass, Paul R. (1991). *Ethnicity and Nationalism: Theory and Comparison*. Newbury Park, Calif : Sage.
- iii. Chadda, Maya. (1997). *Ethnicity, Security, and Separatism in India*. New York : Columbia University Press.

আঞ্চলিকতা : আঞ্চলিক রাজনীতি
(Regionalism : Regional Politics)

বিষয়সূচী :

- ৬.১ পাঠ-উদ্দেশ্য
- ৬.২ ভূমিকা
- ৬.৩ আঞ্চলিকতাবাদ
- ৬.৪ আঞ্চলিকতাবাদ ও রাজনীতি
- ৬.৫ ভারতে আঞ্চলিক আন্দোলন
 - ৬.৫.১ পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে আঞ্চলিক আন্দোলন
 - ৬.৫.২ ঝাড়খণ্ড আন্দোলন
- ৬.৬ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী
- ৬.৭ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

৬.১ পাঠ-উদ্দেশ্য

এই এককটি পড়লে আপনি যা জানতে পারবেন—

- ক) আঞ্চলিকতাবাদ কাকে বলে?
- খ) আঞ্চলিকতাবাদ ও রাজনীতি এবং তার প্রকৃতি।
- গ) ভারতীয় পরিপ্রেক্ষিতে বিভিন্ন আঞ্চলিকতাবাদী আন্দোলন।

৬.২ ভূমিকা

আঞ্চলিকতা কথাটি এসেছে অঞ্চল (Region) শব্দটি থেকে। অঞ্চল একটি ভৌগোলিক শব্দ, যার দ্বারা পৃথক প্রাকৃতিক বৈশিষ্ট্য এবং সাংস্কৃতিক স্বাতন্ত্র্য সমন্বিত কোনও সমরূপবিশিষ্ট (Homogeneous) ভূখণ্ডকে বোঝায়। অঞ্চল কথাটি রাজনৈতিক মাত্রা পায় যখন কোনও ভূখণ্ডে বসবাসকারী মানুষ নিজেদের বৈশিষ্ট্য এবং স্বাতন্ত্র্য সম্বন্ধে সচেতন হয়; নিজেদের অন্যান্য অঞ্চলের মানুষের থেকে পৃথক বলে ভাবতে শুরু করে এবং নিজেদের অঞ্চলের উন্নতি বা অগ্রগতির জন্য পৃথক হবার দাবি পেশ করে।

৬.৩ আঞ্চলিকতাবাদ (Regionalism)

আঞ্চলিকতাবাদ বিষয়ে নানা মতভেদ থাকলেও অধিকাংশ চিন্তাবিদ একে Subterritorial loyalty বলে অভিহিত করেন। একটি নির্দিষ্ট ভৌগোলিক অঞ্চলের প্রতি এক বিশেষ আনুগত্যকে আঞ্চলিকতাবাদ বলা যায়। (সেলিগম্যান ও জনসন) Seligman and Johnson আঞ্চলিকতাবাদ প্রসঙ্গে বলেন যে, ‘a counter movement to any exaggerated or oppressive form of centralisation’ একটি অঞ্চলের অধিবাসীদের সাংস্কৃতিক এবং অর্থনৈতিক স্বাভাবিকতায় এখানে বিশেষ ভূমিকা নেয়।

Thomas O Hueglin এই বিষয়টিকে ‘the persistence of subnational and transnational differences, identities and commitments’—অর্থাৎ উপজাতি এবং অতিজাতির মধ্যে পার্থক্যের অস্তিত্ব, স্বাভাবিকরূপে ব্যক্ত করেছেন। ভারতীয় প্রেক্ষাপটে আঞ্চলিকতাবাদের ধারণাটি যথেষ্ট জটিল—এখানে সংস্কৃতিগত, ভাষাগত, অর্থনৈতিকভাবে ভিন্ন গোষ্ঠী ভারতীয় জনজাতির মধ্যে উপস্থিত। ফলে আঞ্চলিকতাবাদ এখানে বিভিন্ন অভিব্যক্তি অর্জন করে—একটি বহুমাত্রিক বিষয়রূপে প্রতিভা হই। যেহেতু আঞ্চলিকতাবাদের ভাষাগত, অর্থনৈতিক, জাতিগত, সাংস্কৃতিক ভিন্নতা বিদ্যমান তাই অধিকাংশ রাষ্ট্রচিন্তাবিদগণ ভাষাগত, অর্থনৈতিক, রাজনৈতিক এবং উপ-আঞ্চলিক আন্দোলনসমূহকে একই আঞ্চলিকতাবাদের কাঠামোর প্রেক্ষাপটে বিশ্লেষণ উদ্যোগী হন।

প্রসঙ্গত উল্লেখ যে, ডঃ ইকবাল নারাইন এ প্রসঙ্গে বলেন যে, ভারতীয় আঞ্চলিকতাবাদের ইতিবাচক এবং নেতিবাচক দুটি দিক বর্তমান—“.....in positive terms, it embodies a quest for self-fulfilment on the part of the people of an area. Neatively speaking, regionalism reflects a psyche of relative deprivation resulting from specific grievance”.

অর্থাৎ ইতিবাচক অর্থে বলা যায় যে একটি নির্দিষ্ট অঞ্চলের বসবাসকারী মানুষের আত্মসত্তার পরিপূর্ণতার স্বাক্ষরই আঞ্চলিকতাবাদ। নেতিবাচক অর্থে বলা যায় যে দীর্ঘদিন পুঞ্জীভূত বঞ্চনার বহিঃপ্রকাশ নির্দিষ্ট অভিযোগ বা আঞ্চলিক আন্দোলনের মধ্য দিয়ে প্রকাশিত হয়।

একই বক্তব্যের প্রতিফলন দেখা যা় কৌসর আজমের (Kousor J. Azam) এর লেখনীতে—তার মতে, আঞ্চলিকতাবাদ হল, “a manifestation of those residueal elements which do not find expression in the national polity and national culture. And being excluded from the centrality of the new polity, express themselves in political discontent”.

ভারতবর্ষের প্রেক্ষাপটে নাভাবে এই আঞ্চলিকতাবাদের তাৎপর্যপূর্ণ বহিঃপ্রকাশ ঘটেছে। বিভিন্ন সময়ে দেখা গেছে যে, একটি নির্দিষ্ট অঞ্চলের অভিজাত গোষ্ঠীর (Elite class) মানুষের ক্ষমতা তথা অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে এই আঞ্চলিকতাবাদকে অস্ত্ররূপে কাজে লাগাতে দ্বিধা করেন না। প্রখ্যাত সমাজতত্ত্ববিদ রজনী কোঠারি এ প্রসঙ্গে বলেন যে, “these regional upsurges are in fact various responses to the national cries, emanating both from the failure of the existing system and mass discontent against it.”—অর্থাৎ মূলত আঞ্চলিকতাবাদের মাধ্যমে যে সকল বিক্ষোভের বাহ্যিক প্রকাশ ঘটে তার সৃষ্টি হয় প্রচলিত ব্যবস্থার ব্যর্থতা এবং সেই সংক্রান্ত বিক্ষোভের কারণে।

ভারতের বিভিন্ন অঞ্চলে মূলত পূর্ব এবং উত্তর-পূর্ব ভারতে আঞ্চলিক আন্দোলন পরিলক্ষিত হয়েছে। অসম, পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশ্যা এই অঙ্গরাজ্যে আদিবাসীদের স্বতন্ত্র রাজ্যের দাবি উল্লেখযোগ্য—নাগা, মিজো, সাঁওতালদের এবং গোখাল্যান্ড আন্দোলনও এই পর্যায়ভুক্ত। সম্প্রতি ছত্তিশগড় এবং ঝাড়খন্ড রাজ্য উন্মত্ত হয় এই আন্দোলনের কারণে—অসমেও পার্বত্য

উপজাতির স্বাতন্ত্র্য ও স্বাধিকারের দাবিতে সুদীর্ঘকাল যে আন্দোলন চালিয়েছিল তারই ফলস্বরূপ মণিপুর, মেঘালয়, অরুণাচলপ্রদেশ, মিজোরাম প্রভৃতি রাজ্যের সৃষ্টি হয়।

ভারতবর্ষে আঞ্চলিকতাবাদ উদ্ভবের প্রেক্ষাপটে বিশ্লেষণ করলে কয়েকটি বিষয় বিশেষভাবে পরিলক্ষিত হয়ে থাকে। ভারতবর্ষে পূর্বাঞ্চল এবং উত্তর-পূর্বাঞ্চলে আঞ্চলিক আন্দোলনের পটভূমিকে বুঝতে গেলে এই বিষয়গুলি সংক্ষিপ্ত আলোচনা আবশ্যিক।

প্রথমত : বলা যায় যে ভারতবর্ষের মতো বৃহদায়তন রাষ্ট্রে যেখানে বহু ভাষা, সংস্কৃতি, জাতি সমন্বিত মানুষের সহবাসস্থান—সেখানে আঞ্চলিকতা বজায় রাখায় স্বাতন্ত্র্য বা স্বকীয়তা ধরে রাখার চেষ্টা দোষের নয়। এটা একধরনের অনুসন্ধান—আঞ্চলিক সমাজের যৌথ সমৃদ্ধির জাতিগত পরিচয় তথা স্বকীয়তা ধরে রাখার চেষ্টা যদিও আন্দোলনের পর্যায়ে তা প্রায়শই হিংসাত্মক, মৌলবাদী মানসিকতায় পর্যবসিত হয়।

সমাজতান্ত্রিক রজনী কোঠারির একটি মন্তব্য এ প্রসঙ্গে বিশেষ উল্লেখযোগ্য—“the way to deal with them lies not in dubbing them anti-national and crushing them with the use of state force but in respecting and recognising their enderlying motives and aspirations and fir them into the larger framework of national unity”।

দ্বিতীয়ত : দেখা গেছে যে স্বাধীনতা পরবর্তী সময়ে, প্রায় দু দশক যাবৎ কেন্দ্র তথা ভারতবর্ষের রাজ্যগুলিতে কংগ্রেসের অপ্রতিহত প্রাধান্য ছিল। পরবর্তী সময়ে কংগ্রেসের মধ্যে বিভাজনের ফলস্বরূপ নানা আঞ্চলিক রাজনীতিক দল যেমন গঠিত হয়েছে তেমনি আঞ্চলিক পর্যায়ে এলিট শ্রেণির উদ্ভবও ঘটেছে। এই শ্রেণির অস্তিত্ব যেহেতু আঞ্চলিক সমর্থনের উপর নির্ভরশীল তাই এরা জাতীয় সমস্যার পরিবর্তে আঞ্চলিক সমস্যাগুলিকে বিশেষ তাৎপর্য দিয়ে থাকে। অনেক সময় তাই দেখা যায় জাতীয় স্তরের নেতৃত্বদণ্ড সময় বিশেষে নিজস্ব দলগত রাজনৈতিক স্বার্থসাধনের লক্ষ্যে অনেক সময় আঞ্চলিকতাবাদী শক্তিগুলিকে সমর্থন করেছেন। এই ধরনের মানসিকতা বহু সময়ই আঞ্চলিকতাবাদকে অনুপ্রাণিত করেছে।

তৃতীয়ত : ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠন সংক্রান্ত বিষয়টিও আঞ্চলিকতাবাদী আন্দোলনের বিস্তারে বিশেষ ভূমিকা নিয়েছে। বিভিন্ন সময় রাজনৈতিক চাপ তথা আন্দোলনের কারণে কেন্দ্রীয় সরকারকে নতুন সিদ্ধান্ত নিতে হয়েছে—যথাযথভাবে ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের বিষয়টিও সুপ্রযুক্ত হয়নি।

চতুর্থত : সামগ্রিক উন্নয়নের স্বার্থে ব্যাপকভাবে শিল্পায়ন ও আধুনিকীকরণের কারণে নানা কর্মসূচি গ্রহণ করা হয়—এই সকল কর্মসূচি বাস্তবায়ন করতে গিয়ে অনেক সময় আদিবাসী মানুষদের জীবনযাপনে তাদের বনজ অধিকারে হস্তক্ষেপ হয়। এর ফলে বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে বঞ্চনা তথা বিক্ষোভ দানা বাঁধে—তাই আগামি দিনে আঞ্চলিকতাবাদী আন্দোলনের উন্মেষে বিশেষ ভূমিকা নিয়ে থাকে।

পঞ্চমত : তাছাড়া অনেক সময় দেখা গেছে যে দেশের সকল অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নও যথেষ্ট বৈষম্যমূলক। অর্থনৈতিকভাবে পশ্চাদপদ রাজ্যগুলিতে এই কারণে ক্ষোভ ও অসন্তোষ পুঞ্জীভূত হয়। সরকারের উন্নয়নমূলক কাজকর্মের সুযোগ সুবিধা অনগ্রসর অঞ্চলের মানুষদের মধ্যে সমভাবে বণ্টিত না হওয়ার কারণে আঞ্চলিক রাজনীতি ও আন্দোলনমূলক চিন্তা-ভাবনার বিশেষ অগ্রগতি ঘটতে দেখা যায়।

ষষ্ঠত : ভারতবর্ষে মিশ্র অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান—ফলে সরকারি এবং বে-সরকারি উভয় প্রকার অর্থনীতির সহাবস্থান দেখা যায়। কিন্তু এই ব্যবস্থা সকল জনগণের প্রয়োজনীয় চাহিদাপূরণে সফল হয়নি। অর্থাৎ বিদ্যমান অর্থনৈতিক ও রাজনৈতিক কাঠামোয় অধিকাংশ ক্ষেত্রেই দেখা গেছে কৃষি অর্থনীতির যথাযথ বিকাশ যেমন ব্যাহত হয়েছে অন্যদিকে বিভিন্ন চাপ সৃষ্টিকারী গোষ্ঠীও জনস্বার্থে যথার্থ ভূমিকা পালনে ব্যর্থ হয়েছে। এই ব্যর্থতা আঞ্চলিক আন্দোলনে বিশেষ ভূমিকা দিয়ে থাকে।

সপ্তমত : দেখা যায় যে, জাতিগত স্বাতন্ত্র্যের বিষয়টি আঞ্চলিক মনোভাব উন্মেষে প্রভাবশালী উপাদানরূপে বিবেচিত হয়—যেমন ভারতের উত্তর-পূর্বাঞ্চলে নাগা, অসমিয়া, প্রভৃতি জনজাতি তাদের পরিচিতিতে আঞ্চলিক তথা সাংস্কৃতিক স্বাতন্ত্র্যের বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেয়। একই সঙ্গে আঞ্চলিকতাবাদী মতবাদের প্রবক্তাগণ একটি নির্দিষ্ট অঞ্চলে আদি অধিবাসীদের বিশেষাধিকারের স্বপক্ষে মত প্রকাশ করেন। অর্থাৎ চাকরিবাকরি, শিক্ষা, সরকারি পদ তথা রাজনৈতিক ক্ষমতার ক্ষেত্রে তাদের অগ্রাধিকার বিশেষ তাৎপর্য পেয়ে থাকে।

৬.৪ আঞ্চলিকতাবাদ ও রাজনীতি (Regionalism and Politics)

আঞ্চলিকতাবাদ কথাটি এসেছে ‘অঞ্চল’ শব্দটি থেকে।

অঞ্চল (Region) একটি ভৌগোলিক শব্দ যার দ্বারা পৃথক প্রাকৃতিক বৈশিষ্ট্য এবং সাংস্কৃতিক স্বাতন্ত্র্য সমন্বিত কোনও সমরূপবিশিষ্ট (homogeneous) ভূখণ্ডকে বোঝায়। অঞ্চল কথাটি রাজনৈতিক মাত্রা পায় যখন সেই ভূখণ্ডে বসবাসকারী মানুষ নিজেদের বৈশিষ্ট্য এবং স্বাতন্ত্র্য সচেতন হয়, নিজেদের অন্যান্য অঞ্চলের মানুষের থেকে পৃথক বলে ভাবতে শুরু করে এবং নিজেদের উন্নতি বা অগ্রগতির জন্য পৃথক হবার দাবি পেশ করে। অর্থাৎ রাজনীতির ক্ষেত্রে একটি অঞ্চল তা ভৌগোলিক পরিচিতি ছাড়াও সামাজিক, সাংস্কৃতিক ও মনস্তাত্ত্বিক স্বাতন্ত্র্য স্বতন্ত্র।

বিভিন্ন অঞ্চলের মানুষের আঞ্চলিক একাত্মতা বা স্বাতন্ত্র্যবোধ ভারতের মতো বিশাল বৈচিত্র্যপূর্ণ দেশে খুবই স্বাভাবিক। আঞ্চলিক একাত্মতা যে সবসময়ই জাতীয় সংহতির পক্ষে ক্ষতিকারক বা বিপজ্জনক হবে এমন মনে করার কোনও কারণ নেই। আঞ্চলিক উন্নয়নের মাধ্যমেই প্রকৃত এবং সার্বিক জাতীয় অগ্রগতি সম্ভব। আঞ্চলিক উন্নতি, বিভিন্ন অঞ্চলের মানুষের সমৃদ্ধিই জাতীয় উন্নয়নের প্রধান শর্ত। কিন্তু বিভিন্ন অঞ্চলের মধ্যে বৈষম্য এবং অর্থনৈতিক অনুন্নয়নের কারণে আঞ্চলিকতাবাদ বিচ্ছিন্নতাবাদে পরিণত হতে পারে। কোনও অঞ্চলের মানুষ যদি নিজেদের বঞ্চিত বলে মনে করে, উপেক্ষিত বলে ভাবে তবে তাদের পুঞ্জীভূত অসন্তোষ থেকে আঞ্চলিকতাবাদ জন্ম নিতে পারে, যথাসময়ে যথোপযুক্ত গুরুত্ব না দিলে তারা তাদের দাবি পূরণের জন্য আন্দোলনের পথে যেতে পারে, যা কালক্রমে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের রূপ নিতে পারে।

ভারতের বিভিন্ন অঞ্চলের মধ্যে আঞ্চলিক বৈশিষ্ট্যের ভিত্তিতে পার্থক্য লক্ষ করা যায়। দেশের উত্তর-পূর্বাঞ্চলে অবস্থিত রাজ্যগুলি তাদের ভৌগোলিক বৈশিষ্ট্য, অর্থনৈতিক অনুন্নয়ন, রাজনৈতিক গুরুত্ব এবং কেন্দ্রীয় সরকারের দ্বারা বঞ্চিত এবং অবহেলিত হবার মানসিকতার কারণে আঞ্চলিকতাবাদী আন্দোলনের পীঠস্থান বলে চিহ্নিত হতে পারে। ওই অঞ্চলে অবস্থিত সাতটি রাজ্য আন্দোলনপ্রবণ হলেও এটা মনে করার কোনও কারণ নেই যে রাজ্যগুলি পরস্পর ঐক্যবদ্ধ বা তাদের আন্দোলনগুলি কেন্দ্রীয় বঞ্চনার সংঘবদ্ধ রূপ পেয়েছে। বরং রাজ্যগুলির নিজেদের মধ্যেও অন্তর্বিরোধ লক্ষ্য করা যায়। সেই বিরোধ ভাষা, ধর্ম বা জাতিগোষ্ঠী ভিত্তিক (Ethnicity based) হতে পারে। পাহাড়ী এই রাজ্যগুলি একদিকে যেমন সমতলের চেয়ে দুর্গম এবং রক্ষ, তেমনি আবহাওয়া এবং উৎপাদিত ফসলের বিচারেও এদের নিজস্ব বৈশিষ্ট্য রয়েছে। শিল্পায়নের বিচারে, পরিকাঠামোগত সুযোগ সুবিধার বিচারে, মূল ভারতীয় ভূখণ্ডের সঙ্গে যোগাযোগের নিরিখে এই অঞ্চলের মানুষদের অবহেলিত ভাবার যথেষ্ট কারণ আছে। দেশের সীমান্তে অবস্থিত হবার ফলে, আন্তর্জাতিক সীমানা অত্যন্ত কাছে হওয়ায় এই সব রাজ্যের আঞ্চলিকতাবাদী আন্দোলন সহজেই বিচ্ছিন্নতাবাদী চেহারা পায়। সেই বিচ্ছিন্নতাবাদ দেশের অভ্যন্তরে পৃথক রাজ্য গঠনের আন্দোলন না হয়ে প্রায়শই ভারত থেকে বিচ্ছিন্ন হয়ে পৃথক সার্বভৌম রাষ্ট্র গঠনের দাবিতে পরিণত হয়। বিদেশী সাহায্যে, সীমানা পেরিয়ে বিদেশে আশ্রয় লাভের সুযোগ, বিদেশে অস্ত্র প্রশিক্ষণ এবং বিদেশী ভূখণ্ডে ঘাঁটি গড়ার সুবিধা উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিকতাবাদী আন্দোলনগুলিকে বিশেষমাত্রা দেয়। তবে ভারতের অন্যান্য অঞ্চলের আন্দোলনগুলির মতো উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিকতাবাদের পেছনেও মূল কারণ অনুন্নয়ন এবং আপেক্ষিক বঞ্চনা।

৬.৫ ভারতে আঞ্চলিক আন্দোলন

৬.৫.১ পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে আঞ্চলিক আন্দোলন

ভারতবর্ষে দেখা যায় যে, পূর্ব তথা উত্তর-পূর্বাঞ্চলে সীমান্ত অঞ্চলটি আদিবাসী অধ্যুষিত। এই সকল অঞ্চলে বহু উপজাতীয় জনগোষ্ঠী সুপ্রাচীন কাল যাবৎ বসবাস করছে। স্বাধীনতার পরবর্তী সময় থেকে বিভিন্ন সময়ে এই সকল জনগোষ্ঠী জঙ্গী আন্দোলনের সামিল হয়েছে। যেমন ষাটেরদশকের প্রথমদিকে অসমের পার্বত্য অঞ্চলের জনগোষ্ঠীগুলি সম্পূর্ণ স্বাধীনতার কারণে সশস্ত্র আন্দোলনে যোগদান করে। এই প্রেক্ষাপটে ১৯৬৩ সালে নাগা ল্যান্ডকে এবং ১৯৬৭ সালে মেঘালয়কে পৃথক অঙ্গরাজ্যের মর্যাদা দেওয়া হয়। একইভাবে Mizo National Front-এর নেতা লালডেঙ্গার নেতৃত্বে মিজো জনগোষ্ঠী সম্পূর্ণ স্বাধীনতার দাবিতে আন্দোলনে যোগদান করে। নানা পর্যায়ে কূটনৈতিক আলোচনার পর মিজোরাম পৃথক অঙ্গরাজ্যের মর্যাদা লাভ করে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে এই ভারতবর্ষের উত্তর-পূর্বাঞ্চলে আঞ্চলিক আন্দোলনের পটভূমিকা বিস্মৃত হলে চলবে না। কেন্দ্রীয় সরকারের সঙ্গে ভৌগোলিক দূরত্ব, অর্থনৈতিক বঞ্চনার অভিযোগ, জাতিগোষ্ঠীর স্বাভাবিক ও স্বাধিকার বজায় রাখার প্রশ্নে কেন্দ্রের উদাসীনতা ইত্যাদি বিষয়গুলি আন্দোলনের সমস্যাকে জটিল মাত্রা দিয়েছে।

উত্তর-পূর্বাঞ্চল বলতে মূলত অরুণাচল প্রদেশ, মেঘালয়, মিজোরাম, আসাম, মণিপুর, ত্রিপুরা, নাগাল্যান্ডকে বোঝানো হয়—প্রতিটি রাজ্যেই জাতিগোষ্ঠীর আন্দোলন আজও অব্যাহত। যেমন মণিপুর রাজ্যে বাস্তুবে দেখা যায় যে গণতান্ত্রিক প্রশাসনের সঙ্গে সমান্তরাল একটি ব্যবস্থাও সেখানে বিদ্যমান। ফলে জনগণের নির্বাচিত রাজ্য সরকারের প্রতি অনাস্থা বৃদ্ধি পায়।

কিছুকাল আগেই মণিপুরের রাজনীতি “মনোরমা ধর্ষণ ও হত্যাকাণ্ড” উত্তাল হয়ে উঠেছিল। সেনাবাহিনী এবং কেন্দ্রীয় সরকারের দমনমূলক পদক্ষেপ পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। এতে আইন শৃঙ্খলার যেমন অবনতি ঘটে অন্যদিকে জনগণের বিচ্ছিন্নতাবাদী মনোভাবেরও কোনও পরিবর্তন ঘটে না। শুধু তাই নয়, এতে অর্থনৈতিক ক্ষয়ক্ষতির পরিমাণও নেহাত কম হয় না। যেমন উদাহরণস্বরূপ বলা যায় যে, মণিপুরে একদিনের বন্ধ পালিত হলে নয় কোটি টাকার অর্থনৈতিক ক্ষতি হয় এবং ২০০১-২০০২ সালের পরিসংখ্যান অনুযায়ী মণিপুরে এরকম ৭২টি বন্ধ পালিত হয়েছে। রাজ্য সরকারের প্রশাসনিক ব্যর্থতা মানুষের মধ্যে এই ধারণা এনে দেয় যে, পথে নেমে আন্দোলন করলেই তাদের লক্ষ্যপূরণ সহজসাধ হবে—কিন্তু সন্ত্রাস কখনই সমস্যা সমাধানে মূল ভূমিকা নিতে পারে না। একমাত্র মণিপুরেই এখন ৩০টি সন্ত্রাসবাদী সংগঠনকে ভারত সরকার চিহ্নিত করেছে। জাতীয় নিরাপত্তার দিক থেকে এটি যথেষ্ট আশঙ্কাজনক পরিস্থিতি তা বলাই বাহুল্য।

অন্যদিকে আসামে National Democratic Front of Bodoland (NFB)-এর সাথে ভারতীয় সেনাবাহিনীর যুদ্ধবিপত্তি থাকলেও। এর নেতাদের একাংশের কিন্তু স্বাধীন বড়োলাণ্ড গঠনের উদ্যম স্তিমিত হয়নি। শুধু তাই নয়, অক্টোবর ১৯৮৬ সালে এই বিপ্লবী গোষ্ঠীটি গঠনের পর কেন্দ্রীয় সরকার এই গোষ্ঠীকে নিয়ে কোনদিনই আলাপ আলোচনায় রত হয়নি। ফলে এই সংগঠনটি পূর্বতল Boro Liberation Tiggers এবং All Bodo Students Union -এর সঙ্গে ঐক্যবদ্ধ হয়ে নতুন উদ্যবে আন্দোলন চালাতে চায়।

শুধু যে তারা পৃথক রাজ্য চায় তাই নয়, বড়ো ভাষা যা দেবনাগরী হরফে লেখা হয়—সেটি তারা রোমান হরফে লেখা হোক, এটা চায় কারণ NDFB র অধিকাংশ সদস্যই খ্রিস্টান গোষ্ঠীর অন্তর্ভুক্ত। কোকরাঝড়, বঙ্গাইগাঁও, বড়পেটা, ধুবড়ি, শোনিতপুর এই জেলাগুলিতেই NDFB অধিক সক্রিয়। এছাড়া ভুটান এবং মায়নমারেও এদের ক্যাম্প বর্তমান,

যেখানে সদস্যরা অস্ত্র প্রশিক্ষণ নিয়ে থাকে। NDFB আসমে ULFA-র যৌথ সংগ্রামে অংশ নেয় আবার নাগাল্যান্ডের সন্ত্রাসবাদী সংগঠন National Socialist Council of Nagaland Isak-Muivah (NSCN-IM)-র সঙ্গেও কার্যকরি সম্পর্ক বজায় রাখে।

আসামে বিদেশী বিতাড়নের লক্ষ্যেই মূলত ১৯৭৯ সালে United Liberation Front of Assam (ULFA) এই সংগঠনটি গঠিত হয়। পরেশ বড়ুয়া, অরবিন্দ রাজখোয়া, অনুপ চেটিয়া, প্রতীপ গগৈ-এর নেতৃত্বে একটি সশস্ত্র আন্দোলনের মাধ্যমে সার্বভৌম, সমাজতান্ত্রিক আসাম গঠন ছিল এর মূল লক্ষ্য। তিনসুকিয়া, ডিব্রুগড় এর মূল শিবির ছিল—এবং অসম গণপরিষদ যখন ১৯৮৫-৯০ রাজ্যে ক্ষমতায় আসে তখন এদের সঙ্গেও ULFA-র ঘনিষ্ঠ সংযোগ বিদ্যমান ছিল। কিন্তু ULFA-র ক্রমবর্ধমান সশস্ত্র আন্দোলন, সন্ত্রাসবাদী কার্যকলাপের ফলে ULFA নিদ্রিষ্ট সংগঠনরূপে চিহ্নিত হয়। বাংলাদেশ এবং ভূটানের নানা অঞ্চলে এর প্রশিক্ষণ শিবিরও ছিল। এছাড়া নাগাল্যান্ড, মণিপুর, মায়ানমারে বহু জঙ্গী সংগঠনের সঙ্গে এর ঘনিষ্ঠ যোগাযোগ বিদ্যমান। সম্প্রতি আমেরিকা যুক্তরাষ্ট্রে প্রকাশিত যে 40টি জঙ্গী সংগঠনের তালিকা প্রকাশিত হয়েছে তার মধ্যে ULFA-র নাম অন্তর্ভুক্ত।

তবে সম্প্রতি দেখা গেছে যে ULFA আলোচনায় আগ্রহী। শান্তি প্রতিষ্ঠা করতে হলে আলাপচারিতার কোনও বিকর নেই। একই সঙ্গে এরা এদের পাঁচ শীর্ষ নেতার মুক্তিও দাবি করেছেন। কারণ এদের বাদ দিয়ে আলোচনা অসম্ভব। তবে সার্বভৌমত্বের দাবি তারা ত্যাগ করে আলোচনায় যোগদান করবে কি না তা এখনও স্পষ্ট নয়।

প্রসঙ্গত উল্লেখ্য যে উত্তর-পূর্বাঞ্চল গণতন্ত্র প্রতিষ্ঠা এবং অর্থনৈতিক নিরাপত্তা সুনিশ্চিত করা একান্ত আবশ্যিক। দেশীয় এবং আন্তর্জাতিক নানা সংস্থা যেমন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক, বিশ্বব্যাংক উত্তর-পূর্বাঞ্চলে অর্থনৈতিক অনুদান দিয়ে থাকে। তা সত্ত্বেও দেখা যায় যে, আসাম, মণিপুর, নাগাল্যান্ড, মেঘালয় ও ত্রিপুরায় মাথাপিছু আয়ের পরিমাণ জাতীয় গড়ের তুলনায় বেশ পশ্চাদপদ স্থানে বিদ্যমান। আজও উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে অনুন্নয়নের ছাপ স্পষ্ট। পরিকাঠামোর অভাব এবং সাধারণ নাগরিক জীবনের স্বাচ্ছন্দ্য সেখানে অনুপস্থিত। মূলত রাজ্যের রাজধানী শহরের মধ্যেই উন্নয়নের বিষয়টি থাকছে ফলে প্রত্যন্ত অঞ্চলের মানুষদের জীবনযাপনের মানের হেরফের তেমন আশাব্যঞ্জক নয়। তাছাড়া দীর্ঘায়িত সশস্ত্র জঙ্গ আন্দোলনও এই সব রাজ্যে বাণিজ্যিক বিনিয়োগে যথেষ্ট অনীহা সৃষ্টি করেছে। জঙ্গীরা বিভিন্ন সময়ে রেলপথ, স্কুল কলেজকে আক্রমণের লক্ষ্যরূপে বেছে নেওয়ায় উন্নয়নের গতি স্লথ হয়েছে। ভারতীয় ভূখন্ডের জনগণকে বহিরাগতরূপে চিহ্নিত করে নানা পর্যায়ে দীর্ঘ সশস্ত্র আন্দোলন আজ এই সব রাজ্যের জনগোষ্ঠীর অস্তিত্বকে যথেষ্ট সংকটের সম্মুখীন করেছে।

এ থেকে মুক্তি পেতে হলে নাগরিক সমাজকে যেমন অগ্রণী ভূমিকা নিতে হবে তেমনি রাজ্যগুলি রাজনৈতিক নেতা তথা জনপ্রতিনিধিদের আরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে—সুনিশ্চিত শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের আরও বেশি দায়বদ্ধ হতে হবে। বিভিন্ন জনজাতির আস্থা অর্জনে সফল না হলে গণতন্ত্র প্রতিষ্ঠা বা রাজনৈতিক স্থিতিশীলতা অলীক কল্পনা থেকে যাবে। একই সঙ্গে মানবাধিকার সংগঠনগুলির ভূমিকাও আরও বেশি সহমর্মিতাপূর্ণ হওয়া প্রয়োজন।

উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক আন্দোলনের উদ্ভবের ধারা ও প্রকৃতি বিশ্লেষণ করলে বোঝা যায় যে স্বাধীনতার পূর্ববর্তী সময়ে ব্রিটিশরা এই সকল উপজাতি অধ্যুষিত অঞ্চলগুলিকে যথেষ্ট স্বাধিকার দিতেন এবং এদের শাসনব্যবস্থা ও উপজাতীয় জীবনচর্চায় বিশেষ কোনও হস্তক্ষেপ করতেন না। তাই এরা নিজেদের সেভাবে যেমন ‘ভারতীয়’ ভাবে শেখেনি তেমনি নিজেদের উপজাতীয় ঐতিহ্য যাতে রক্ষিত হয় সেজন্য ওয়াকিবহাল ছিল। তাই স্বাধীনতার পর তাদের ভারতীয় যুক্তরাষ্ট্রের অঙ্গীভূত হওয়ার বিষয়টি তাদের কাছে কাম্য ছিল না—তারা নিজেদের স্বাধীন সত্তা বজায় রাখতেই অধিক উৎসাহী ছিল।

স্বাধীনতার সঙ্গে সঙ্গে উত্তর-পূর্বাঞ্চলের দিগন্তে আর একটি সমস্যাও যথেষ্ট জটিল অবস্থা নেয়। পূর্ব পাকিস্তান এবং পরবর্তীকালে বাংলাদেশ থেকে বহু জনগণ এখানের রাজ্যগুলিতে দলে দলে প্রবেশ করতে শুরু করে এবং এ অঞ্চলে রাজ্যগুলির জনবিন্যাসের ধারাও পাল্টে যেতে থাকে।

যেমন ত্রিপুরায় উপজাতি গোষ্ঠী যারা নিজেদের অঞ্চলেই একসময় সংখ্যালঘু হয়ে পড়ে, প্রায় উত্তর-পূর্বাঞ্চলের সর্বত্রই এই বিষয়টি দেখতে পাওয়া যায়। এতে অর্থনৈতিক অনিশ্চয়তা সৃষ্টি তো হয়ই একই সঙ্গে কাজের সুযোগও সীমিত হয়ে যায়। উপজাতীয় মানুষদের মধ্যে বিচ্ছিন্নতাবাদী মানসিকতার জন্ম নেয় আর বিভিন্ন সময়ে মূলত প্রাথমিক পর্যায়ে কেন্দ্রীয় সরকারের উদাসীনতা তথা রাজনৈতিক কিছু কৌশল সমস্যাকে আরও জটিল করে তোলে।

৬.৫.২ ঝাড়খণ্ড আন্দোলন

ভারতের বিভিন্ন বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের মধ্যে আঞ্চলিকতাবাদী বা অঞ্চল ভিত্তিক আন্দোলনের প্রকৃষ্ট উদাহরণ সম্ভবত ভারতের পূর্বাঞ্চলে অবস্থিত বিহার সংলগ্ন ঝাড়খণ্ড অঞ্চলের আন্দোলন। আন্দোলনের নামেই বোঝা যায় যে এই আন্দোলন কোনও বিশেষ জাতিগোষ্ঠীর (Ethnic Group) আন্দোলন নয়, ঝাড়খণ্ড অঞ্চলে বসবাসকারী মানুষের অনুন্নয়ন এবং বঞ্চনার বিরুদ্ধে আন্দোলন। যদিও আন্দোলনের প্রথম থেকেই আদিবাসীরাই এই আন্দোলনের প্রথম সারিতে ছিলেন, কিন্তু এই আন্দোলন কোনও সময়ই সাঁওতাল জাতি বা মুন্ডা জাতিগোষ্ঠীর আন্দোলনে বা হিন্দিভাষী বা বাঙালিদের আন্দোলনে পরিণত হয় নি। অঞ্চল বসবাসকারী বিভিন্ন জাতিগোষ্ঠীর মানুষের সাধারণ (Common) অভাব অভিযোগকে কেন্দ্র করে আঞ্চলিক আন্দোলন হিসেবে গড়ে উঠেছে।

১৯৩৯ সালে প্রথম যখন আদিবাসী মহাসভা বিহার থেকে পৃথক একটি নতুন অঙ্গরাজ্যের দাবি তোলে, সেই দিন থেকে ২০০০ সালের নভেম্বর মাসে যখন ঝাড়খণ্ড রাজ্য গঠিত হয়—এই ষাট বছরের অধিক বলে ধরে ঝাড়খণ্ড আন্দোলন বিভিন্ন পর্যায়ের মধ্যে দিয়ে গেছে। আদিবাসী মহাসভা, ঝাড়খণ্ড পার্টি, ঝাড়খণ্ড মুক্তি মোর্চা, অল ঝাড়খণ্ড স্টুডেন্টস ইউনিয়ন, ঝাড়খণ্ড কোঅর্ডিনেশন কমিটি, ঝাড়খণ্ড পিপলস পার্টি প্রভৃতি বিভিন্ন সংগঠন এবং জয়পাল সিং, বিনোদ বিহারি মাহাতো, শিবু সোরেন, এন. ই. হোরো, সুরজ সিং বেসরা, রামদয়াল মুন্ডা প্রভৃতি নেতার নেতৃত্বে ঝাড়খণ্ড আন্দোলন তার প্রাথমিক আদিবাসীকেন্দ্রিক বোঁক কাটিয়ে উঠে ক্রমশই নিজেদের অঞ্চলের বিভিন্ন ধরনের মানুষের আন্দোলনে পরিণত করেছে। জাতিগোষ্ঠীকেন্দ্রিক সংকীর্ণতা থেকে মুক্ত হয়ে আঞ্চলিক আন্দোলনের রূপ পেয়েছে।

ঝাড়খণ্ড রাজ্য গঠনের প্রায় একই সঙ্গে ২০০০ সালের নভেম্বর মাসেই আরও দুটি অঞ্চলভিত্তিক রাজ্য গঠিত হয়েছে—মধ্যপ্রদেশ ভেঙে ছত্তিশগড় এবং উত্তরপ্রদেশের পাহাড়ি অঞ্চলে উত্তরাঞ্চল (পরে নাম বদলে উত্তরাখণ্ড)। ছত্তিশগড় এবং উত্তরাঞ্চল নামেই বোঝা যায় যে কোনও জাতিগোষ্ঠীর সমস্যা নয়, আঞ্চলিক সমস্যাকে গুরুত্ব দিয়েই এই রাজ্যগুলি গঠিত হয়েছে। তেলেঙ্গানা রাষ্ট্রীয় সমিতির নেতৃত্বে অন্ধ্রপ্রদেশকে ভেঙে যে পৃথক তেলেঙ্গানা রাজ্য গঠিত হয়েছে ২০১৪ সালে তারওভিত্তি আঞ্চলিকতা। ১৯৫৩ সালে যখন মাদ্রাজ ভেঙে অন্ধ্র রাজ্য গঠিত হয় তখন তার ভিত্তি ছিল তেলেগু ভাষা কিন্তু ভাষার বন্ধন অন্ধ্রপ্রদেশকে ঐক্যবদ্ধ রাখতে পারে নি। আঞ্চলিক দাবি দাওয়ার ভিত্তিতে গঠিত হয়েছে পৃথক তেলেঙ্গানা রাজ্য। আঞ্চলিকতার দাবি এবং আঞ্চলিক রাজনীতিকে ব্যাখ্যা করতে হলে ভারতীয় যুক্তরাষ্ট্রের প্রকৃতি এবং তার কার্যকলাপের দিকে দৃষ্টি দিতে হবে। ভারতের স্বাধীনতা আন্দোলনের সময় জাতীয় নেতৃত্ব প্রকৃত প্রাদেশিক স্বায়ত্তশাসনের পক্ষে ছিলেন এবং কেন্দ্রীয় সরকার যাতে অত্যাধিক শক্তিশালী না হয়ে ওঠে সে বিষয়ে সর্ব ছিলেন। আন্দোলনে নেতৃত্বদানকারী ভারতের জাতীয় কংগ্রেসের ধারণা ছিল যে কেন্দ্রের হাতে মাত্রাতিরিক্ত ক্ষমতা দিলে তা বিভেদশালী আন্দোলনের জন্ম দিয়ে দেশের ঐক্য ও সংহতির ক্ষতি করতে পারে। এই উপলব্ধি সত্ত্বেও যখন সংবিধান রচনা করা হল তখন জাতীয় সংহতি ও ঐক্যের প্রয়োজনে শক্তিশালী কেন্দ্রীয় সরকার গঠনের কথাই ভাবা হল। আদর্শ

যুক্তরাষ্ট্রের অনেক বৈশিষ্ট্যই ভারতের ক্ষেত্রে অনুপস্থিত। অঙ্গরাজ্যগুলির না আছে পৃথক সংবিধান, কেন্দ্রীয় আইনসভার উচ্চতর কক্ষ রাজ্যসভায় তাতে সমান প্রতিনিধিত্ব স্বীকৃত হয় নি। এমনকি জাতীয় ঐক্য ও অখণ্ডতা রক্ষার স্বার্থে ভারতীয় নাগরিকদের দ্বিগুনিকত্ব ও স্বীকৃত হয় নি। জরুরি অবস্থার সময় খুব সহজেই ভারতকে এককেন্দ্রিক রাষ্ট্রে পরিণত করা যায়। এসব কেন্দ্রপ্রবণতার ঝোঁক লক্ষ্য করেই ভারতকে ‘আধা যুক্তরাষ্ট্র’ (Quasi-Federation) বলে অভিহিত করা হয়েছে। বলা হয়, ভারতীয় সংবিধান দৃশ্যত যুক্তরাষ্ট্রীয় হলেও প্রকৃতপক্ষে তা এককেন্দ্রিক।

১৯৫০ সালে সংবিধান চালু হবার পর থেকে অঙ্গরাজ্যগুলি বিভিন্ন বিষয়ে তাদের অসন্তোষের কথা বারবার ব্যক্ত করেছে। সরকারি ভাষা সংক্রান্ত নীতির ক্ষেত্রে, ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন ও রাজ্যগুলির সীমানা নির্ধারণের ক্ষেত্রে, রাজ্যগুলির হাতে অধিকতর আর্থিক ক্ষমতা প্রদানের প্রশ্নে এবং কেন্দ্রের প্রতিনিধি হিসেবে রাজ্যপালদের ভূমিকার বিষয়ে রাজ্যগুলি বরাবরই কেন্দ্রীয় নীতির প্রতিবাদ করেছে। রাজ্যগুলির ক্ষোভ, বিভিন্ন অঞ্চলের মানুষের অসন্তোষ আঞ্চলিকতাবাদী আন্দোলনের জন্ম দেয়। আঞ্চলিক রাজনীতি মূলত আবর্তিত হয় অঞ্চলের মানুষের বিভিন্ন দাবি দাওয়াকে কেন্দ্র করে। কোনও অঞ্চলের মানুষ যদি মনে করে তারা বঞ্চিত, অবহেলিত, অন্যান্য অঞ্চলের থেকে তারা কেন্দ্রীয় অনুদান কম পাচ্ছে তখনই আঞ্চলিকতার জন্ম হয়। এই ক্ষোভ, এই বঞ্চনার ধারণা বৃদ্ধি পেলে তা বিচ্ছিন্নতাবাদের দিকে নিয়ে যায়। শুধুমাত্র শক্তি প্রয়োগ করে, ভীতি প্রদর্শনের মাধ্যমে বিভেদকামী, বিচ্ছিন্নতাবাদী শক্তিগুলিকে নিয়ন্ত্রণে রাখা সম্ভব নয়, তাদের সমস্যার সমাধানের তো প্রশ্নই ওঠে না। ভারতের বিভিন্ন অঞ্চলের মানুষের ন্যায্য দাবি দাওয়া পূরণের মাধ্যমে, আপেক্ষিক বঞ্চনা দূর করে, অশুভ ও অনিষ্টকারী শক্তিগুলি থেকে সাধারণ মানুষকে বিচ্ছিন্ন করা প্রয়োজন। ক্ষমতার বিকেন্দ্রিকরণ এবং সার্বিক উন্নয়নই পারে দেশকে ঐক্যবদ্ধ রাখতে প্রগতির পথে নিয়ে যেতে।

৬.৫ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

- ১। আঞ্চলিকতা বলতে কি বোঝ? আঞ্চলিকতাবাদী মানসিকতা গড়ে ওঠার কারণগুলি বিশ্লেষণ কর।
- ২। আঞ্চলিকতাবাদী রাজনীতি ঐক্যবদ্ধ ভারত গঠনের পথে প্রধান অন্তরায়—ব্যাখ্যা কর।
- ৩। আঞ্চলিকতাবাদী রাজনীতির বৃদ্ধিকে নিয়ন্ত্রণ করার জন্য কী কী পদক্ষেপ করা প্রয়োজন?
- ৪। ভারতের আঞ্চলিক রাজনীতি গড়ে ওঠার পিছনে ভারতীয় যুক্তরাষ্ট্রের কাঠামো এবং কার্যপদ্ধতি পর্যালোচনা কর।

৬.৬ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

- i. Akhtar, Majeed. (Ed.). (1984). *Regionalism: Developmental Tensions in India*. New Delhi : Cosmo.
- ii. Ghosh, Arunabha. (1998). *Jharkhand Movement: A Study in the Politics of Regionalism*. Minerva Associates.
- iii. Mukherjee, Bharati. (1992). *Regionalism in Indian Perspective*. Calcutta: K. P. Bagchi.

দুর্নীতি : নাগরিক সমাজের আন্দোলন (Corruption : Civil Society Movements)

বিষয়সূচী :

- ৭.১ পাঠ-উদ্দেশ্য
- ৭.২ ভূমিকা
- ৭.৩ ইতিহাস
- ৭.৪ লোকপাল
- ৭.৫ নাগরিক সমাজের আন্দোলন
- ৭.৬ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী
- ৭.৭ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

৭.১ পাঠ-উদ্দেশ্য

এই এককটি ভারতীয় রাজনীতি ও প্রশাসনে দুর্নীতি নিয়ে শিক্ষার্থীদের ধারণা প্রদান করার চেষ্টা করেছে। এককটির পরের অংশে লোকপাল বিল ও আইন, ও নাগরিক সমাজের আন্দোলন নিয়ে আলোচনা করা হয়েছে।

৭.২ ভূমিকা

ভারতের রাজনৈতিক ও প্রশাসনিক ক্ষেত্র আজ ক্রমবর্ধমান দুর্নীতির জালে জড়িয়ে পড়েছে। ‘স্ক্যাম’ (Scam), ‘ফোটালা’ শব্দগুলি আজ বহুচর্চিত। টেলিকম স্ক্যাম, হাওলা স্ক্যাম, সার আমদানি সংক্রান্ত কেলেঙ্কারি, যুদ্ধাস্ত্র বা যুদ্ধবিমান কেনার ক্ষেত্রে কমিশনের আদান-প্রদান, কফিন কেলেঙ্কারি, ঘুষ কেলেঙ্কারি প্রভৃতি বিষয়গুলি আজ সাধারণ মানুষের মুখে মুখে ঘোরে। আর্থিক দুর্নীতির পাশাপাশি নীতি হীনতা, আদর্শহীনতা এবং সুযোগসন্ধানী মানসিকতা থেকে উদ্ভূত দুর্নীতি আজ ভারতীয় সমাজ ও রাজনীতিকে এক গভীর সংকটের মুখে এনে দাঁড় করিয়েছে। বার্লিনের ‘ট্রান্সফারেন্স ইন্টারন্যাশনাল’ নামক আন্তর্জাতিক সংস্থার সমীক্ষায় ২০১৯ সালে পৃথিবীর ১৮০টি দেশের মধ্যে সরকারি ক্ষেত্রে দুর্নীতির নিরিখে ভারতের স্থান হল ৮০তম। ২০১৮ সালে ভারত ৭৮তম স্থানে ছিল। অর্থাৎ ভারতে দুর্নীতি ক্রমবর্ধমান।

৭.৩ ইতিহাস

স্বাধীনতা প্রাপ্তির পরে ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু আর্থিক দুর্নীতি রোধ করার জন্য সাধারণ মানুষের অসুবিধা সৃষ্টিকারী মুনাফালোভী কালোবাজারিদের ধরে ধরে ল্যাম্পপোস্টে ফাঁসি দেবার কথা বলেছিলেন। অবশ্য তাঁর

এই ঘোষণা ছিল নিতান্তই কথার কথা, কারণ তথাকথিত কালোবাজারীদের সঙ্গে রাজনৈতিক নেতাদের যোগাযোগ ছিল অত্যন্ত স্পষ্ট। বাস্তব ক্ষেত্রে নির্বাচনী তহবিলে চাঁদা দিয়ে বা নেতাদের নির্বাচনী ব্যয় বহন করে আর্থিক দুর্নীতিগ্রস্ত ব্যক্তি রাজনৈতিক নেতার ছত্রছায়ায় থেকে বিনা বাধায় দুর্নীতিমূলক কার্যকলাপ চালিয়ে যায়। জওহরলাল নেহেরু প্রধানমন্ত্রীর শেষের দিকে পাঞ্জাবে মুখ্যমন্ত্রী প্রতাপ সিং কায়রৌর বিরুদ্ধে দুর্নীতির সুনির্দিষ্ট অভিযোগ ওঠে। অভিযোগ তদন্ত করে দেখার জন্য গঠিত হয় দাস কমিশন। দাস কমিশনের রায় কায়রৌর বিরুদ্ধে যাওয়ার ১৯৬৪ সালে নেহেরুর মৃত্যুর পর তাঁর স্থলাভিষিক্ত প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর নির্দেশে প্রভাবশালী মুখ্যমন্ত্রী কায়রৌকে পদত্যাগ করতে হয়। দুর্নীতির অভিযোগে ভারতের কোনও অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রীর পদত্যাগের ঘটনা সেই প্রথম। লালবাহাদুর শাস্ত্রী প্রধানমন্ত্রী থাকাকালীন দুর্নীতি প্রসঙ্গে সান্তানম কমিটি গঠন করা হয়েছিল। কিন্তু ওই কমিটির বিচার্য বিষয়গুলির মধ্যে রাজনৈতিক নেতাদের কার্যকলাপকে রাখা হয় নি, যেহেতু বিষয়টি খুবই স্পর্শকাতর বলে মনে করা হয়েছিল। লালবাহাদুর শাস্ত্রী নিজে মূল্যবোধের রাজনীতির কথা বলতেন এবং নিজে রেলমন্ত্রী থাকার সময় রেল দুর্ঘটনার দায়িত্ব নিয়ে মন্তব্য থেকে পদত্যাগ করে দুর্লভ নজির সৃষ্টি করেছিলেন। তাঁর পরবর্তীকালে যাঁরা ভারতের প্রধানমন্ত্রী পদ অলংকৃত করেছেন তাঁরা সকলেই রাজনীতিতে মূল্যবোধ প্রয়োজনীয়তার কথা বললেও কার্যক্ষেত্রে তাঁদের ভূমিকা সন্দেহের উর্ধ্বে থাকে নি। ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী থাকাকালীন সমাজতন্ত্রী দলের নেতা রাজনারায়ণ তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে তাঁর নির্বাচনের বৈধতা প্রসঙ্গে আদালতে মামলা করেন। মামলা শেষে ১৯৭৫ সালের ১২ই জুন এলাহাবাদ হাইকোর্ট এবং ঐতিহাসিক রায়ে ইন্দিরা গান্ধীর লোকসভা নির্বাচনকে বাতিল বলে ঘোষণা করে এবং পরবর্তী ছয়বছর ইন্দিরা গান্ধী দেশের কোনও নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না বলে রায় দেন। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে ইন্দিরা গান্ধীর আবেদনে সুপ্রীম কোর্টের অবসরকালীন বিচারপতি অবশ্য মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাঁকে প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করে যেতে বলেন। ইন্দিরা অবশ্য আর অপেক্ষা না করে সুপ্রীম কোর্টের রায় ঘোষণার দুই দিনের মধ্যে রাষ্ট্রপতি ফকরুদ্দিন আলি আহমেদের মাধ্যমে ১৯৭৫ সালের ২৬শে জুন সারা ভারতে অভ্যন্তরীণ জরুরি অবস্থা জারি করেন এবং এইভাবে দুর্নীতির বিরুদ্ধে আদালতের রায়কে অগ্রাহ্য করেন।

ইন্দিরা গান্ধীর মৃত্যুর পর ‘পরিচ্ছন্ন সরকার’ গঠনের প্রতিশ্রুতি দেওয়া রাজীব গান্ধীর নেতৃত্বাধীন সরকার ‘বোফর্স’ কেলেঙ্কারিতে জড়িয়ে পড়ে। ১৪৩৭ কোটি টাকা মূল্যের হাউইংজার কামান কেনার জন্য ১৯৮৬ সালে সুইডেনের ‘বোফর্স’ কোম্পানির সঙ্গে চুক্তি করে ভারত। এই কামান কেনার দালালি বাবদ ৬৪ কোটি টাকার বেআইনি আর্থিক লেনদেনের অভিযোগ ওঠে। ১৯৯০ সালে এই কেলেঙ্কারির তদন্তে মামলা দায়ের করে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো বা সি বি আই। রাজীব গান্ধীর পরবর্তী প্রধানমন্ত্রী নরসিমা রাওয়ের নামও একাধিক আর্থিক কেলেঙ্কারির সঙ্গে জড়িয়ে পড়ে। শেয়ার কেলেঙ্কারির মূল্য অভিযুক্তের কাছ থেকে উৎকোচ গ্রহণের অভিযোগ, সার কেলেঙ্কারিতে যুক্ত থাকার অভিযোগ, ঝাড়খণ্ড মুক্তি মোর্চার চার সাংসদকে ঘুষ দিয়ে তাদের সমর্থন কিনে কেন্দ্রের সংখ্যালঘু কংগ্রেস সরকারকে বাঁচাতে চেষ্টা করার অভিযোগ প্রভৃতি নরসিমা রাওয়ের কার্যকালকে কলুষিত করেছিল।

নরসিমা রাওয়ের পরবর্তী বিজেপি নেতৃত্বাধীন ন্যাশনাল ডেমোক্রেটিক এ্যালায়েন্স (NDA) জোট সরকারের আমলে দুর্নীতির অভিযোগ আগের সব নজিরকে ছাপিয়ে গেছে। তহলকা ডট কমের তদন্তে জানা জানা গেছে যে কীভাবে দেশের স্বার্থ ও জাতীয় নিরাপত্তার প্রশ্নকে অগ্রাহ্য করে কিছু দুর্নীতিগ্রস্ত অফিসার ও দালালের মাধ্যমে ‘ওয়েস্ট এন্ড’ নামে এক ভূয়ো সংস্থা দেশের প্রতিরক্ষা সরঞ্জাম সংগ্রহকারী দপ্তরে অনুপ্রবেশের সুযোগ পায়। এই সরকারের আমলে ইউনিট ট্রাস্ট কেলেঙ্কারি, শেয়ার বাজার কেলেঙ্কারি, টেকিম কেলেঙ্কারি, চিনি কেলেঙ্কারি, প্রতিরক্ষা সরঞ্জাম কেনায় কেলেঙ্কারি, এমনকি মৃত সেনাদের জন্য কেনা কফিন নিয়ে কেলেঙ্কারি দুর্নীতিকে সর্বব্যাপী চেহারা দেয়।

মনমোহন সিং-এর নেতৃত্বাধীন সরকার ‘কোলগেট’ স্ক্যাম-এ জড়িয়ে পড়ে। ২০০৪ থেকে ২০০৯ সালের মধ্যে ১৯৪টি কয়লা খনি বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে বণ্টন করার অভিযোগ অভিযুক্ত হয় সরকার।

নরেন্দ্র মোদীর প্রধানমন্ত্রীত্বের সময় পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক থেকে ১৩,৭০০ কোটি টাকা ধার নেবার জন্য নীরব মোদী এবং মেহলা চোকসি অভিযুক্ত হন ফ্রান্স থেকে রাফাল যুদ্ধ বিমান কেনার ব্যাপারেও বিশাল অঙ্কের টাকা নয়ছয়ের অভিযোগ উঠেছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন আর্থিক দুর্নীতির পাশাপাশি ভারতের বিভিন্ন রাজ্যে ক্ষমতাসীন রাজ্য সরকারগুলির বারবার বিভিন্ন আর্থিক কেলেঙ্কারিতে জড়িয়ে পড়েছে। বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী লালুপ্রসাদ যাদব পশুখাদ্য কেলেঙ্কারিতে অভিযুক্ত হন। উত্তরপ্রদেশে প্রাক্তন মুখ্যমন্ত্রী মায়াবতী, তামিলনাড়ুর প্রাক্তন মুখ্যমন্ত্রী জয়ললিতার বিরুদ্ধে আর্থিক বেনিয়মের অভিযোগ উঠেছে। পাঞ্জাবের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রকাশ সিং বাদল, আসামের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল কুমার মহন্ত ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত। দিল্লির মুখ্যমন্ত্রী মদললাল খুরানাকে বিদায় নিতে হয় হাওলা কেলেঙ্কারির অভিযোগে মাথায় নিয়ে। খুরানার স্থলাভিষিক্ত সাহেব সিং ভার্মাও জড়িয়ে পড়েন জমি ও এক্সপ্রেসওয়ে প্রকল্প কেলেঙ্কারিতে। দুর্নীতিকে প্রশ্রয় দেবার একাধিক অভিযোগ উঠেছে পশ্চিমবঙ্গের মমতা ব্যানার্জির সরকারের বিরুদ্ধে। সারদা-নারদ কান্ডের পাশাপাশি ঘূর্ণীঝড়ে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেবার ব্যাপারে দুর্নীতির অভিযোগ আদালতে বিচারধীন রয়েছে। সরকারি অনুদান পেতে গেলে জনপ্রতিনিধিদের ‘কাটমানি’ দেবার ব্যাপারটি পশ্চিমবঙ্গে এখন স্বাভাবিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।

সংসদে প্রশ্ন তোলায় বিনিময়ে ঘুষ নেবার দায়ে ১১জন সাংসদ অভিযুক্ত হন ২০০৫ সালের ডিসেম্বর মাসে। সংবাদ মাধ্যম ‘আজতক’-এ প্রচারিত ‘অপারেশন দুর্ঘোষনে দেখা যায় যে অভিযুক্ত সাংসদরা অর্থের বিনিময়ে সংসদ প্রশ্ন তুলেছেন বিভিন্ন শিল্প ও বাণিজ্যিক সংস্থাকে অন্যায্য সুবিধা পাইয়ে দিতে। সংসদে এক একটি প্রশ্ন তোলার জন্য তাঁরা পনেরো হাজার থেকে লক্ষাধিক টাকা ঘুষ নিয়েছেন বলে অভিযোগ করা হয়। প্রায় একই সময়ে ‘স্টার নিউজ’-এর ‘অপারেশন চক্রবাহু’-তে সাতজন সাংসদের বিরুদ্ধে অভিযোগ করা হয় যে সাংসদরা তাঁদের জন্য নির্দিষ্ট আঞ্চলিক এলাকা উন্নয়ন তহবিল থেকে বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য অর্থ বরাদ্দ করতে গিয়ে দশ থেকে পঁয়তাল্লিশ শতাংশ কমিশন দাবি করেছেন। সাংসদরা বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য এমন সব সংস্থাকে অর্থ বরাদ্দের সুপারিশ করেছেন যাদের বাস্তবে কোনও অস্তিত্ব নেই। অর্থাৎ অঞ্চলের উন্নয়নের বদলে ঘুর পথে অর্থ গেছে সাংসদদের পকেটে। আশার কথা এই যে, দুটি ক্ষেত্রেই সংবাদ মাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হবার সঙ্গে সঙ্গেই সংসদীয় তদন্ত কমিটি গঠিত হয় এবং কমিটির সুপারিশ অনুযায়ী লোকসভা ও রাজ্যসভা থেকে অভিযুক্ত সাংসদের বহিষ্কার করা হয়।

৭.৪ লোকপাল

রাজনীতির উপরতলায় দুর্নীতি দমনের জন্য ১৯৬৯ সালে সান্তানম কমিটির সুপারিশ অনুযায়ী প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী সংসদে লোকপাল বিল পেশ করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত বিলটি বাতিল হয়ে যায়। তারপর ১৯৭১, ১৯৭৭, ১৯৮৫, ১৯৮৯, ১৯৯৬, ১৯৯৮, ২০০১, ২০০৮ ও ২০১০ সালে বারবার বিলটি সংসদে পেশ করা হলেও বিভিন্ন বিতর্কের কারণে এবং সদিচ্ছার অভাবে বিলটি আইনে পরিণত হতে পারে নি। অবশেষে ২০১১ সালে বিলটি আবার লোকসভায় পেশ করা হয় এবং ২০১৩ সালে ‘লোকপাল’ এবং লোকআয়ুক্ত আইন’ আইনে পরিণত হয়। বিচার বিভাগের ৪জন সদস্য সমেত মোট ৮ জন সদস্য নিয়ে গঠিত লোকপাল জাতীয় স্তরে সরকারি ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখার জন্য সরকারি প্রভাবমুক্ত এবং স্বাধীন সংস্থা। ৪০ বছরের বেশি সময় ধরে আইনে পরিণত হতে না পারা লোকপাল বিল যে অবশেষে আইনে পরিণত হতে পেরেছে সেটা স্বস্তির বিষয়। তবে কার্যক্ষেত্রে প্রভাবশালীদের বিরুদ্ধে এই আইন কতটা কার্যকরি হতে পারবে সে বিষয়ে সংশয় থেকেই যায়। প্রসঙ্গত উল্লেখ্য ১৯৮৮ সালে দুর্নীতি রোধ আইন (Prevention of Corruption Act) পাশ করানো হলেও দুর্নীতি রোধে ওই আইন কোনও কার্যকরি ভূমিকা নিতে পারেনি।

৭.৫ নাগরিক সমাজের আন্দোলন

লোকপাল বিল শেষ পর্যন্ত আইনে পরিণত হবার পিছনে বিশিষ্ট গান্ধীবাদী নেতা আন্না হাজারের নেতৃত্বে নাগরিক সমাজের আন্দোলনের (Civil Society Movement) ভূমিকা উল্লেখযোগ্য। চল্লিশ বছরের বেশি সময় ধরে বিভিন্ন অজুহাতে

পাশ না করানো ‘জন লোকপাল বিল’ দেশের প্রধানমন্ত্রীর অন্যান্য ক্ষমতামূলী ব্যক্তিদের ওপর প্রযোজ্য হবে কি না সেই নিয়ে বিতর্ক ছিল। দুর্নীতির দায়ে অভিযুক্ত হবার বিপদ থেকে ক্ষমতামূলী রাজনীতিকরা নিজেদের মুক্ত রাখতে চেয়ে আইন পাশ করাতে চাননি। এই প্রেক্ষিতে আন্না হাজারের নেতৃত্বে দুর্নীতি বিরোধী আন্দোলন সারা দেশের এবং বিশ্বের দৃষ্টি আকর্ষণ করে। প্রচার মাধ্যম এবং সাধারণ মানুষ ওই দুর্নীতি বিরোধী আন্দোলনকে অকুণ্ঠ সমর্থন জানায়। ২০১১ সালের ৫ই এপ্রিল আন্না হাজারের নেতৃত্বে অরবিন্দ কেজরিওয়াল ও কিরণ বেদীসহ বহু মানুষ নতুন দিল্লির যন্ত্রর মন্ত্রর প্রাঙ্গণে ধর্গায় বসেন। আন্না হাজারের আমৃত্যু অনশন শুরু করেন। আন্দোলনের ফলে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শারদ পাওয়ার পদত্যাগ করেন। খসড়া ‘জন লোকপাল বিলের’ পর্যালোচনার জন্য গঠিত মন্ত্রীগোষ্ঠীর সদস্য ছিলেন শারদ পাওয়ার। বিলটিকে আইনে পরিণত করার ক্ষেত্রে ব্যর্থতার দায় স্বীকার করেই তিনি পদত্যাগ করেন। আন্দোলনের চাপে কেন্দ্রীয় সরকার দ্রুত লোকপাল বিল সংসদে পাশ করাবার প্রতিশ্রুতি দিতে বাধ্য হয়। প্রতিশ্রুতির ভিত্তিতে আন্না হাজারে অনশন প্রত্যাহার করেন। যদিও সেই প্রতিশ্রুতি রক্ষা করতে কেন্দ্রীয় সরকারে আরও আড়াই বছর সময় লেগে যায়। ২০১৩ সালে আইন পাশ করার পরও লোকপাল গঠন করতে আরও ছয় বছর লেগে যায়। লোকসভায় স্বীকৃত বিরোধী দলনেতা না খাবার অজুহাতে আট সদস্যের লোকপাল গঠন আটকে থাকে। অবশেষে ২০১৯ সালের মার্চ মাসে অবসরপ্রাপ্ত বিচারপতি পিনাকী চন্দ্র ঘোষকে ভারতের প্রথম লোকপাল হিসেবে নিয়োগ করা হয়। প্রকৃতপক্ষে ভারতীয় রাজনীতিতে দুর্নীতি যেন এক স্বাভাবিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। দুর্নীতির এতটাই সর্বব্যাপী যে প্রকৃতপক্ষে কে যে সত্যিই দুর্নীতির অবসান চান তা বোঝা মুশকিল। মুখে দুর্নীতির বিরুদ্ধে কথা বললেও অধিকাংশ রাজনীতিকই আজ অল্পবিস্তর দুর্নীতির সঙ্গে জড়িত। ভারতীয় রাজনীতিতে আর্থিক প্রকোপ কমাতে হলে ব্যয় বহুল নির্বাচন প্রক্রিয়ার সংস্কার প্রয়োজন। কারণ নির্বাচনী প্রচারে প্রার্থী যে অর্থ ব্যয় করেন তা তিনি নির্বাচিত হয়ে সুদে-আসলে তুলে নেবার চেষ্টা করেন। যে সব ব্যবসায়ী বা প্রতিষ্ঠান বিভিন্ন রাজনৈতিক দলের নির্বাচনী তহবিলে বড় অঙ্কের অর্থ সাহায্য করে, তাদের লক্ষ্য থাকে ভবিষ্যতে নির্বাচিত জনপ্রতিনিধি বা শাসক গোষ্ঠীর কাছ থেকে অন্যান্য সুযোগ সুবিধা আদায় করা। ভি.পি.সিং-এর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার রাষ্ট্র কর্তৃক নির্বাচনী খরচ বহণ করার যে উদ্যোগ গ্রহণ করেছিল তার উদ্দেশ্যই ছিল নির্বাচনে খরচের ওপর নিয়ন্ত্রণ রাখা এবং দুর্নীতির পথ বন্ধ করা। নির্বাচনী ব্যয় হ্রাস করা এবং খরচের ওপর সরকারি নিয়ন্ত্রণের মাধ্যমেই ভারতীয় রাজনীতিতে ক্রমবর্ধমান দুর্নীতির প্রকোপ কমানো সম্ভব।

৭.৬ মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

- ১। ভারতীয় রাজনীতিতে ক্রমবর্ধমান দুর্নীতির কারণগুলি ব্যাখ্যা কর।
- ২। ভারতীয় রাজনীতিতে দুর্নীতির প্রভাব হ্রাসের জন্য তুমি কোন কোন পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে মনে কর?
- ৩। ভারতীয় রাজনীতির ক্ষেত্রে ক্রমবর্ধমান দুর্নীতির বিরুদ্ধে নাগরিক সমাজের উদ্যোগে সংগঠিত আন্দোলনের পর্যালোচনা কর।

৭.৭ সাহায্যকারী গ্রন্থপঞ্জী

- i. Verma, Arvind., & Sharma, Ramesh. (2018). *Combating Corruption in India*. Cambridge University Press.
- ii. Datta, Prabhat Kumar. (1991). *Politics of Region and Religion in India*. New Delhi: Uppal.
- iii. Vittal, N. (2003). *Corruption in India*. Academic Foundation.

Criminalization of Politics

Contents :

- 8.1 Objectives**
- 8.2 Introduction**
- 8.3 Concept of criminalization of politics**
- 8.4 Causes of criminalization of politics**
- 8.5 Criminalization of politics – the Indian scenario with special focus on the role of muscle power in Indian politics**
- 8.6 Criminalization of politics as a challenge to Indian democracy – an insight into the Vohra Committee Report, other reports and Supreme Court judgments**
- 8.7 Reforms and measures to encounter the challenge as suggested by the Election Commission**
- 8.8 Self Assessment Questions**
- 8.9 Suggested Readings**

8.1 Objectives

This unit aims to familiarise the students with concept and causes of criminalization of Indian Politics. Then it tries to analyse criminalization of politics in the Indian scenario with special focus on the role of muscle power. This unit further focuses on criminalization as a challenge to Indian democracy.

8.2 Introduction

Case No. 1: ‘Out of the 539 winners analysed in Lok Sabha 2019, 233 MPs have declared criminal cases against themselves. This is an increase of 44 per cent in the number of MPs with declared criminal cases since 2009.’ – India Today, 25thMay, 2019.

Case No. 2: ‘According to the latest report of the Association for Democratic Reforms (ADR) and National Election Watch (NEW), around 70 per cent of the 40 Lok Sabha Members from Bihar have criminal cases pending against them while 50 per cent of them face serious criminal charges such as murder, kidnapping, robbery and rape.’ – The Statesman, 30th March 2020.

This is precisely what criminalization of politics is.

8.3 What is criminalization of politics?

